হৃদয়ে লাল সবুজ

# আমাদের সূর্যোদয়


বর্ষ ৩ ঃ সংখ্যা-২৬৭ ঃ মেহেরপুর- রোববার ১২ অক্টোবর ২০২৫ ইং ঃ ২৭ আশ্বিন ১৪৩২ বাংলা ঃ ১৯ রবি,সানি ১৪৪৭ হিজরি ঃ পৃষ্ঠা-০৪ মূল্য-৪.০০ টাকা www.amadersurjodoy.com



আব্রামকে নিয়ে জন্মদিন উদযাপন করলেন অপু বিশ্বাস -পৃষ্ঠা-৩

## সূর্য ক্লাব কনসার্টে নিজস্ব সিলে ভিআইপি পাস বিক্রির অভিযোগ

### আবু আক্তার করণকে নোটিশ



সূর্য ক্লাব

টি এন্ড টি রোড, (কৃষি অধিদপ্তর এর সামনে), মেহেরপুর।

শোকজ নোটিশ

তারিখঃ ১১ অক্টোবর ২০২৫

প্রাপকঃ আবু আক্তার করণ

বিষয়ঃ ক্লাবের অনুমোদনবিহীন কার্যক্রমের বিষয়ে শোকজ

আবু আক্তার করণ,

গত ৯ অক্টোবর ২০২৫ তারিখে মেহেরপুর শহীদ ড. সামসুজ্জোহা পার্কে অনুষ্ঠিত সূর্য ক্লাবের উদ্বোধনী কনসার্টে আপনার কর্মকাণ্ড ক্লাবের নীতি এবং নিয়মাবলীর সম্পূর্ণ লঙ্ঘন। আপনি, যিনি ক্লাবের কোনো কমিটি বা লিখিত দায়িত্বে নেই, সভাপতি বা সাধারণ সম্পাদককে জানানো ছাড়াই নিজস্ব সিল ব্যবহার করে ভিআইপি পাস বিক্রি করেছেন।

আপনার এই অনিয়মের কারণে ক্লাবের নির্ধারিত টিকিট বিক্রয় ক্ষতিগ্রস্ত হয়েছে এবং আর্থিক ক্ষতির সম্মুখীন হতে হয়েছে।

উপরোক্ত কারণে আপনাকে লিখিতভাবে আগামীকাল ১২ অক্টোবর ২০২৫ বিকাল ৪ ঘটিকার মধ্যে যথাযথ ব্যাখ্যা প্রদানের জন্য অনুরোধ করা হচ্ছে। ব্যাখ্যা গ্রহণযোগ্য না হলে ক্লাব নীতি অনুযায়ী প্রয়োজনীয় শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণ করা হবে।

সূর্য ক্লাব স্পষ্টভাবে জানাচ্ছে যে, আপনার কর্মকাণ্ডের সঙ্গে ক্লাবের কোনো সম্পর্ক নেই। ভবিষ্যতে এ ধরনের অনিয়ম পুনরায় ঘটতে দেওয়া হবে না।

ধন্যবাদান্তে-

নাহিদ মাহবুব সানি
সভাপতি
সূর্য ক্লাব, মেহেরপুর।
১১.১০.২৫

মোঃ নাসিম রানা বাঁধন
সাধারণ সম্পাদক
সূর্য ক্লাব, মেহেরপুর।
১১.১০.২০২৫

নিজস্ব প্রতিবেদক

মেহেরপুরে সূর্যোদয় ক্লাবের উদ্বোধনী কনসার্টে ভিআইপি পাস বিক্রির অভিযোগে গ্রীন লাইফ ডায়াগনস্ট্রিক সেন্টারের ডিরেক্টর আবু আক্তার করণকে কারণ দর্শানোর নোটিশ দিয়েছে ক্লাব কর্তৃপক্ষ। অভিযোগ, তিনি ক্লাবের অনুমতি ছাড়া নিজের সীল ব্যবহার করে ভিআইপি কার্ড বিক্রি করেছেন। নোটিশে ক্লাব জানিয়েছে, "আপনি ক্লাবের কোনো কমিটি বা লিখিত দায়িত্বে নেই। সভাপতি বা সাধারণ সম্পাদককে জানানো ছাড়া নিজস্ব সীল ব্যবহার করে ভিআইপি পাস বিক্রি করেছেন। এতে ক্লাবের নির্ধারিত টিকিট বিক্রয় ক্ষতিগ্রস্ত হয়েছে এবং আর্থিক ক্ষতির সম্মুখীন হতে হয়েছে। ১২ অক্টোবর বিকেল ৪টার মধ্যে লিখিত ব্যাখ্যা প্রদান করতে হবে। ব্যাখ্যা গ্রহণযোগ্য না হলে ক্লাব নীতি অনুযায়ী শাস্তিমূলক ব্যবস্থা নেওয়া হবে।" নোটিশে আরও বলা হয়েছে, "আপনার কর্মকাণ্ডের সঙ্গে ক্লাবের কোনো সম্পর্ক নেই। ভবিষ্যতে এ ধরনের অনিয়ম পুনরায় ঘটতে দেওয়া হবে না।" এ বিষয়ে আবু আক্তার করণ জানিয়েছেন, তিনি ক্লাবের কোনো সদস্য নন। তিনি বলেন, "আমি শুধু পাড়ার ক্লাবের সহযোগিতায় অনুষ্ঠানটির প্রস্তুতিতে সহায়তা করেছি। সাংবাদিকদের পাস বিতরণ ও ভেনু নির্ধারণসহ বিভিন্ন দায়িত্ব পালন করেছি। বিক্রির কোনো প্রমাণদিতে পারবেনা। মোট ১৫০টি পাস দেওয়া হয়েছে। যা সাংবাদিকদের ও ক্লাব কর্তৃপক্ষের জন্য দেওয়া হয়েছে। আমি আমার পরিবার বন্ধুর জন্য ৩০ টি পাস নিয়েছি।'আবু আক্তার করণ আরও জানান, "আমি ক্লাবের অনুমতি ছাড়া কোনো অনিয়ম করিনি। ক্লাবের গ্রুপেও আমার অ্যাড আছে। সব কাজ শুধু ক্লাবের সুবিধার্থে করেছি। যদি অভিযোগে আমি দোষী প্রমানিত হয় তাহলে শাস্তি নেব। অন্যদিকে, পাস

২-এর পৃষ্ঠা দেখুন

## চুয়াডাঙ্গা বাসচাপায় মোটরসাইকেল আরোহী নিহত

নিজস্ব প্রতিবেদক,চুয়াডাঙ্গা

চুয়াডাঙ্গা সদর উপজেলায় বাসের চাপায় মো. মাহফুজ (২৫) নামে এক মোটরসাইকেল আরোহী নিহত হয়েছেন। এ ঘটনায় আহত হয়েছেন আরও ৩ জন। বিজিবি হাসপাতালের সামনে গতকাল শনিবার দুপুর সাড়ে ১২ টার দিকে এ দুর্ঘটনা ঘটে। নিহত মাহফুজ চুয়াডাঙ্গা পৌর এলাকার হাজরাহাটি গ্রামের মো. ইউসুফের ছেলে। তথ্য নিশ্চিত করেছেন চুয়াডাঙ্গা সদর থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) খালিদ হোসেন। জানা গেছে, চুয়াডাঙ্গা পৌর এলাকার মাহফুজ মোটরসাইকেলে করে ডিঙ্গেদহ বাজারে যাচ্ছিলেন। এ সময় ঝিনাইদহ থেকে ছেড়ে আসা খান পরিবহনের একটি যাত্রীবাহী বাস চুয়াডাঙ্গায় যাচ্ছিল। বেপরোয়া গতির বাসটি বিজিবি হাসপাতালের সামনে পৌঁছালে নিয়ন্ত্রণ হারিয়ে হাসপাতালের প্রাচীর ভেঙে ভেতরে ঢুকে পড়ে। এ সময় মাহফুজের মোটরসাইকেলেটি বাসের নিচে চাপা পড়ে। ঘটনাস্থলেই মাহফুজ নিহত হন। মোটরসাইকেল থাকা

২-এর পৃষ্ঠা দেখুন



## অনলাইন জুয়ার অন্যতম হোতা লিপু সাতক্ষীরায় গ্রেপ্তার

নিজস্ব প্রতিবেদক

সাতক্ষীরায় বিশেষ অভিযানে অনলাইন জুয়া প্ল্যাটফর্ম পরিচালনাকারী অন্যতম হোতা মেহেরপুরের লিপুসহ দুই যুবককে গ্রেপ্তার করেছে সাতক্ষীরা পুলিশ। বৃহস্পতিবার রাতে সাতক্ষীরা শহরের খড়িবিলা এলাকায় সদর থানা ও জেলা গোয়েন্দা (ডিবি) পুলিশের যৌথ অভিযানে তাদের আটক করা হয়। শনিবার দুপুরে সাতক্ষীরা পুলিশ সুপার মনিরুল ইসলাম এক প্রেস ব্রিফিংয়ে এ তথ্য নিশ্চিত করেন। গ্রেপ্তারকৃতরা হলেন মেহেরপুর জেলার মুজিবনগর থানার শিবপুর গ্রামের মো. জিনারুল ইসলামের ছেলে মোরশেদুল আলম লিপু গাজী (২৮) এবং মেহেরপুর সদর উপজেলার বাম-নপাড়া গ্রামের মাছুদুল আলমের ছেলে মুছাঈদ আলম (৩০)। পুলিশ জানায়, তারা দীর্ঘদিন ধরে বিভিন্ন শ্রেণি-পেশার মানুষকে নানা ধরনের লোভ-নীয় প্রস্তাব দিয়ে অনলাইন জুয়ায় আকৃষ্ট করছিল। তারা একটি বৃহৎ অনলাইন জুয়া প্ল্যাটফর্ম

২-এর পৃষ্ঠা দেখুন



## জেলা পর্যায়ে গ্রীষ্মকালীন ক্রীড়া প্রতিযোগিতার উদ্বোধন

নিজস্ব প্রতিবেদক

মেহেরপুরে জেলা পর্যায়ের ৫২তম স্কুল, মাদ্রাসা ও কারিগরি শিক্ষা গ্রীষ্মকালীন ক্রীড়া প্রতিযোগিতা শনিবার বর্ণাঢ্যভাবে উদ্বোধন করা হয়েছে। দুই দিনব্যাপী প্রতিযোগিতার উদ্বোধন করেন জেলা প্রশাসক ড. মোহাম্মদ আবদুল ছালাম।উদ্বোধনী অনুষ্ঠানে জাতীয় সংগীতের

২-এর পৃষ্ঠা দেখুন

## আওয়ামী লীগের বিচার চেয়ে এবার ট্রাইব্যুনালে যাচ্ছে এনসিপি

সূর্যোদয় প্রতিবেদন

গণহত্যা ও মানবতাবিরোধী অপরাধের অভিযোগে সংগঠন হিসেবে বাংলাদেশ আওয়ামী লীগের বিচার চেয়ে আন্তর্জাতিক অপরাধ ট্রাইব্যুনালে যাচ্ছে জাতীয় নাগরিক পার্টি (এনসিপি)। দলটি জানিয়েছে, তারা শিগগিরই ট্রাইব্যুনালের তদন্ত সংস্থা বা প্রসিকিউশনের কাছে আনুষ্ঠানিকভাবে অভিযোগ জমা দেবে। সংশ্লিষ্ট সূত্রে জানা গেছে, সম্প্রতি এনসিপির এক কেন্দ্রীয় নেতা প্রসিকিউশনের একজন গুরুত্বপূর্ণ সদস্যের সঙ্গে এ বিষয়ে বৈঠক করেছেন। সেখানে আওয়ামী লীগের

২-এর পৃষ্ঠা দেখুন



## দিনব্যাপী বিএনপির বিনামূল্যে মেডিকেল ক্যাম্প

নিজস্ব প্রতিবেদক

বাংলাদেশ জাতীয়তাবাদী দল (বিএনপি)' ৩১ দফা বাস্তবায়নের লক্ষে মেহেরপুর কুতুবপুর ইউনিয়নের শোলমারি গ্রামে দিনব্যাপী বিনামূল্যে মেডিকেল ক্যাম্পের আয়োজন করা হয়েছে। মেহেরপুর জেলা বিএনপির সাধারণ সম্পাদক অ্যাড. কামরুল হাসানের ব্যক্তিগত উদ্যোগে আজ শনিবার (১১ অক্টোবর) সকাল ১০টা থেকে বিকেল ৫

২-এর পৃষ্ঠা দেখুন

## বাংলাদেশ-শ্রীলঙ্কায় তরল গ্যাস আনা জাহাজে মার্কিন নিষেধাজ্ঞা

সূর্যোদয় প্রতিবেদন

যুক্তরাষ্ট্র ইরানের পেট্রোলিয়াম ও তরলীকৃত পেট্রোলিয়াম গ্যাস (এলপিজি) রফতানি কার্যক্রমে সহায়তার অভিযোগে ৫০টিরও বেশি প্রতিষ্ঠান, ব্যক্তি ও জাহাজের ওপর নতুন নিষেধাজ্ঞা আরোপ করেছে। মার্কিন অর্থ বিভাগের অফিস অব ফরেন অ্যাসেটস কন্ট্রোল (ওএফএসি) ৯ অক্টোবর এই পদক্ষেপের ঘোষণা দেয়। ওএফএসি জানিয়েছে, আন্তর্জাতিক বিধি লঙ্ঘন করে পরিচালিত একটি নেটওয়ার্কের মাধ্যমে ইরানি এলপিজি বাংলাদেশ ও শ্রীলঙ্কায় সরবরাহ করা হচ্ছিল। এই

২-এর পৃষ্ঠা দেখুন



## গাংনীতে ছেলের শাবলের আঘাতে বাবা আহত

নিজস্ব প্রতিবেদক, গাংনী

মেহেরপুরের গাংনী উপজেলার পশ্চিম মালশাদহ গ্রামে ছেলের শাবলের আঘাতে রবিউল ইসলাম (৬০) নামে এক ব্যক্তি গুরুতর আহত হয়েছেন। গতকাল শনিবার সকালে রবিউল ইসলামের বাড়িতে এ ঘটনা ঘটে। আহত রবিউল ইসলাম ওই গ্রামের মৃত রব্বানী মণ্ডলের

২-এর পৃষ্ঠা দেখুন



## মুজিবনগরে শিক্ষক নেতা জাকির হোসেনের গণসংযোগ

নিজস্ব প্রতিবেদক

মুজিবনগরে মেহেরপুরের মুজিবনগর উপজেলার বাগোয়ান ইউনিয়নের ধানের শিষের পক্ষে বাংলাদেশ শিক্ষক-কর্মচারী ঐক্যজোটের মহাসচিব জাকির হোসেন শনিবার বিকালে ইউনিয়নের আনন্দবাস ও জয়পুর গ্রামের বিভিন্ন পাড়া, মহল্লা ও হাটে গণসংযোগ করেছেন। ত্রয়োদশ জাতীয় সংসদ নির্বাচনে মেহেরপুর-১ আসনের মনোনয়ন প্রত্যাশী জাকির হোসেন কয়েকটি পথসভায়ও বক্তব্য রাখেন। বক্তব্যে জাকির হোসেন বলেন, "একটি মহল ষড়যন্ত্র করে নির্বাচন বানচালের চেষ্টা

২-এর পৃষ্ঠা দেখুন

## ট্রাম্প প্রশাসনে সরকারি কর্মী ছাঁটাই শুরু, হাজারো পরিবার প্রভাবিত

সূর্যোদয় প্রতিবেদন

যুক্তরাষ্ট্রে ট্রাম্প প্রশাসন থেকে হাজারো সরকারি কর্মী ছাঁটাই শুরু হয়েছে। বাজেট সংকটের কারণে এই পদক্ষেপ নেওয়া হয়েছে এবং এর মাধ্যমে ডেমোক্র্যাটদের ওপর চাপ সৃষ্টির চেষ্টা হচ্ছে। হোয়াইট হাউসের ব্যবস্থাপনা ও বাজেট মন্ত্রণালয়ের পরিচালক রাসেল ভট জানিয়েছেন, ছাঁটাই প্রক্রিয়া "বড় পরিসরে" শুরু হয়েছে। শুক্রবার পর্যন্ত সাতটি সংস্থায় ৪,০০০-এর বেশি কর্মী ছাঁটাইয়ের নোটিশ পেয়েছেন। ট্রাম্প দীর্ঘদিন ধরে সরকারি কর্মীবাহিনী হ্রাসের লক্ষ্যে কাজ করে আসছেন এবং সরকারি অচলাবস্থাকে এই লক্ষ্য বাস্তবায়নের সুযোগ হিসেবে ব্যবহার করছেন। আইন

২-এর পৃষ্ঠা দেখুন



## বিভিন্ন দাবিতে শিক্ষকদের মানববন্ধন

নিজস্ব প্রতিবেদক

বাড়ি ভাড়া, বোনাস ও চিকিৎসা ভাতাসহ বিভিন্ন দাবিতে মানববন্ধন করেছেন বেসরকারি এমপিওভুক্ত স্কুল, কারিগরি ও মাদরাসা শিক্ষক-কর্মচারীরা। গতকাল শনিবার সকাল ১১টার দিকে মেহেরপুর প্রেসক্লাবের সামনে বাংলাদেশ আদর্শ শিক্ষক ফেডারেশন, মেহেরপুর জেলা শাখার উদ্যোগে এ মানববন্ধন অনুষ্ঠিত হয়। মানববন্ধনে সভাপতিত্ব করেন সংগঠনের জেলা সভাপতি আল আমিন বকুল। বক্তব্য দেন জেলা জামায়াতে ইসলামী রাজনৈতিক সেক্রেটারি মাওলানা রুহুল আমিন, মাধ্যমিক শিক্ষক পরিষদ গাংনী উপজেলা

২-এর পৃষ্ঠা দেখুন

## কুষ্টিয়া জেনারেল হাসপাতাল পুকুরে নারীর লাশ

নিজস্ব প্রতিবেদক, কুস্টিয়া

কুষ্টিয়া ২৫০ শয্যা জেনারেল হাসপাতালের পুকুর থেকে অনন্যা ইসলাম সুমি ওরফে যুথি (৩০) নামে এক নারীর লাশ উদ্ধার করেছে পুলিশ।

গতকাল শনিবার সকালে স্থানীয়রা লাশ পুকুরে ভাসতে দেখে পুলিশে খবর দেন। পরে পুলিশ এসে লাশ উদ্ধার করে মর্গে পাঠায়। নিহত সুমি কুষ্টিয়া শহরের পিয়ারাতলার মৃত বাচ্চু ইসলামের মেয়ে। প্রথম স্বামীর মৃত্যুর পর তিনি দ্বিতীয় স্বামী নাহিদ ইসলামের সঙ্গে চৌড়হাস এলাকার থাকতেন। প্রথম সংসারে একটি মেয়ে রয়েছে তার। চিকিৎসক বলছেন, প্রাথমিকভাবে ধারণা করা হচ্ছে এটি আত্মহত্যা। তবুও সব দিক বিবেচনা করে তদন্ত চলছে। পুলিশ ও স্থানীয় সূত্রে জানা গেছে, শনিবার সকালে হাসপাতালের পুকুরে বোরকা পরা একজন নারীর লাশ ভাসতে দেখেন স্থানীয়রা। এ সময় তারা বিষয়টি হাসপাতাল ক্যাম্প পুলিশকে জানান। কুষ্টিয়া মডেল থানা পুলিশ ঘটনাস্থল থেকে লাশ উদ্ধার করে। পরে তার পরিচয় শনাক্ত হয়। কুষ্টিয়া জেনারেল হাসপাতালের আবাসিক মেডিকেল অফিসার (আরএমও) হোসেন

২-এর পৃষ্ঠা দেখুন

মেসার্স এ. আর. এন্টারপ্রাইজ

প্রোঃ মোঃ আলতাফ হোসেন

এখানে পাওয়া যায়

- সকল প্রকার ক্রোকারিজ সামগ্রী
- প্লাস্টিক সামগ্রী
- খুচরা ও পাইকারি বিক্রয়করা হয়।

পরিবেশক
- কিয়াম মেটাল ইন্ডাস্ট্রিজ
- আর এফ এল
- আকিজ সিরামিক

কাঁসারী বাজার, মেহেরপুর।

০১৯২২-৬৪৫২১৮, ০১৭০৯-১০৯১৯১

### অনুবাক্য

মামুনুর রশিদ মামুন

খবর (মেহেরপুরে এক মাসে ২৫ জনের অপমৃত্যু)

মেহেরপুরে হলোটা কি
ধরল কোন শশী
এক মাসে মরল মানুষ
২৫ জনের বেশি।
আত্মহত্যার প্রবণতা
অনেক গেছে বেড়ে
সহজ ভাবে মরছে মানুষ
গলায় দড়ি দিয়ে।
পরিবারে ঝগড়া ঝাঁটি
সব সময়?ই থাকে
তাই বলে কি বিষ পানে
মরতে হবে তোকে।
সামাজিক ভাবে প্রতিরোধ
গড়ে তুলতে হবে
তবে দেশে অপমৃত্যু
একটু কমে যাবে।




সু- খবর সু- খবর সু- খবর

আপনার স্বপ্নের অফিসিয়াল স্মার্ট ফোন + ফিচার ফোন এবং গ্যাজেট গুলি এখন এক ছাদের নিচে।

আমাদের কাছে পাচ্ছেন -

- অথেনটিক প্রোডাক্ট
- সেরা দাম
- নির্ভরযোগ্য সেবা

মোবাইল স্টেশন

তাই আর দেরি না করে আপনার প্রয়োজনীয় অফিসিয়াল যে কোনো স্মার্টফোন + ফিচার ফোন এবং গ্যাজেট গুলি এখন-ই সংগ্রহ করুন আমাদের কাছ থেকে নিশ্চিন্তে।

আমাদের ঠিকানা: মোবাইল স্টেশন প্রধান সড়ক,মেহেরপুর

হেল্পলাইন: ০১৭১২৫১১১৮১

আপনার হাতে থাকা পুরোনো মোবাইল ফোনটি এক্সচেঞ্জ করতে পারেন খুব সহজেই।

বিঃদ্রঃ- আমরা কোন অবস্থায় রিফারবিষ্ট বা ক্লোন মোবাইলবিক্রি করিনা।

হৃদয়ে লাল সবুজ

# আমাদের সূর্যোদয়

মেহেরপুর ॥ রোববার ॥ ২৭ আশ্বিন ১৪৩২ বাংলা ॥ ১২ অক্টোবর ২০২৫ইং

# জাতীয় পার্টির কর্মী সমাবেশ পণ্ড



সূর্যোদয় প্রতিবেদন

রাজধানী কাকরাইলের জাতীয় পার্টির কেন্দ্রীয় কার্যালয়ের সামনে শনিবার বিকাল সাড়ে তিনটার দিকে দলটির প্রচার-সমাবেশে পুলিশি বাধার কারণে উত্তেজনা ও বিশৃঙ্খলা সৃষ্টি হয়। কর্মী সমাবেশ ছত্রভঙ্গ করতে পুলিশ জলকামান ব্যবহার করে এবং নেতাকর্মীরা অভিযোগ করছেন, ওই এলাকায় কয়েকটি সাউন্ড গ্রেনেড নিক্ষেপ করা হয়। ঘটনার আগে ট্রাকে অস্থায়ী মঞ্চ বসিয়ে কেন্দ্রীয় চেয়ারম্যান জি এম কাদের, যুগ্ম-আহ্বায়ক শামীম হায়দার পাটোয়ারীসহ দলের প্রথম সারির নেতারা উপস্থিত হয়ে সমাবেশ শুরু করেন। খণ্ড খণ্ড মিছিলও যোগ দিয়েছে নেতাকর্মীরা। কিন্তু সমাবেশ প্রস্তুতীর সময় থেকে চারপাশে ব্যাপক সংখ্যক পুলিশ মোতায়েন ছিল। জাতীয় পার্টির একাধিক নেতার দাবি, পুলিশের কাছে বারবার অনুরোধ করেও তাদের সমাবেশ করতে দেয়া হয়নি। সমাবেশ চলাকালীন হঠাৎ করে পুলিশ জলকামান থেকে পানি ছোড়ে এবং কয়েকটি সাউন্ড গ্রেনেড নিক্ষেপ করা হয় যার ফলে আতঙ্ক ছড়িয়ে পড়ে এবং কর্মী সমাবেশ তৎক্ষণাৎ পণ্ড হয়ে যায়। কয়েকজন নেতার কাছে ছোট আঘাতের সংবাদ পাওয়া গেছে; তবে অঞ্চলটি থেকে কোনো গুরুতর আহত বা গ্রেপ্তার সংক্রান্ত চূড়ান্ত তথ্য পাওয়া যায়নি। রমনা বিভাগের উপ-পুলিশ কমিশনার (ডিসি) মাসুদ আলম ঘটনাস্থলে সাংবাদিকদের বলেন, "আমরা তাদের সমাবেশ করতে নিষেধ করেছিলাম। কিন্তু নিষেধাজ্ঞা উপেক্ষা করে তারা সমাবেশ শুরু করলে সমাবেশ ঘিরে অপ্রীতিকর ঘটনা এড়াতে তাদের ছত্রভঙ্গ করা হয়।" তিনি বলেন, পুলিশ কোনো অনিয়ম করিনিড় অপরাধমূলক পরিস্থিতি রোধেই এটি করা

৩-এর পৃষ্ঠা দেখুন

## জীবন ধারা



# হার্ট ভালো রাখতে যাদুকরী সবজি বিট

সূর্যোদয় প্রতিবেদন

পুষ্টিতে ভরপুর, রঙিন ও উপকারী এমনই এক সবজি হলো বিট। সুস্বাদু এই সবজিটি শুধু খাবারের স্বাদ-রঙ বাড়ায় না, বরং শরীরের জন্য উপকার করে বহু দিক থেকে। বিশেষ করে হৃদযন্ত্রের স্বাস্থ্য রক্ষায় এর ভূমিকা অত্যন্ত গুরুত্বপূর্ণ। বিশেষজ্ঞদের মতে, নিয়মিত বিট খাওয়ার অভ্যাস হৃদরোগের ঝুঁকি হ্রাস করে, রক্তচাপ নিয়ন্ত্রণে রাখে এবং শরীরের সামগ্রিক শক্তি ও প্রতিরোধ ক্ষমতা বাড়ায়। বিটে প্রাকৃতিকভাবে থাকে নাইট্রেটস, যা শরীরে গিয়ে নাইট্রিক অক্সাইডে পরিণত হয়। এই উপাদান রক্তনালিকে প্রসারিত করে, ফলে রক্তসঞ্চালন উন্নত হয় এবং রক্তচাপ কমে। উচ্চ রক্তচাপে ভোগা ব্যক্তিদের জন্য বিট হতে পারে একটি কার্যকরী ও প্রাকৃতিক সমাধান। এছাড়া বিটে থাকা ফোলিক অ্যাসিড ও পটাশিয়াম সরাসরি হৃদযন্ত্রের কার্যকারিতা উন্নত করে। ফোলিক অ্যাসিড ধমনীর প্রদাহ কমায় এবং পটাশিয়াম রক্তচাপ নিয়ন্ত্রণে রাখতে সাহায্য করে। বিটে থাকা কার্বোহাইড্রেটস এটিকে এক চমৎকার শক্তির উৎসে পরিণত করে। বিশেষ করে ক্রীড়াবিদ, দৌড়বিদ বা যেকোনো

৩-এর পৃষ্ঠা দেখুন



# চুয়াডাঙ্গায় দুই প্রতিষ্ঠানকে জরিমানা

নিজস্ব প্রতিবেদক,চুয়াডাঙ্গা

চুয়াডাঙ্গার আলমডাঙ্গায় মেয়াদোত্তীর্ণ কীটনাশক বিক্রি ও অপরিচ্ছন্ন পরিবেশে মিষ্টি তৈরি করায় দুইটি প্রতিষ্ঠানকে জরিমানা করা হয়েছে। গতকাল শনিবার দুপুর ১ টার দিকে জামজামি বাজারে জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তরের চুয়াডাঙ্গা জেলা কার্যালয়ের সহকারী পরিচালক মোহাম্মদ মামুনুল হাসান অভিযান পরিচালনা করেন। মোহাম্মদ মামুনুল হাসান জানান, জামজামি বাজার এলাকায় সকাল সাড়ে ১১ টা থেকে দুপুর দেড়টা পর্যন্ত বীজ, কীটনাশক, ওষুধ, মুদি ও মিষ্টির দোকানে তদারকি করা হয়। এ সময় মেয়াদ উত্তীর্ণ কীটনাশক বিক্রি করার অপরাধে ভোক্তা-অধিকার সংরক্ষণ আইন, ২০০৯ এর ৫১ ধারা অনুসারে মেসার্স শাহ ট্রেডার্সের স্বত্বাধিকারী মো. গোলাম

৩-এর পৃষ্ঠা দেখুন

# উপদেষ্টাদের সেফ এক্সিটের দরকার নেই: আসিফ নজরুল

সূর্যোদয় প্রতিবেদন

আইন উপদেষ্টা ড. আসিফ নজরুল বলেছেন, বর্তমানে 'সেফ এক্সিট' নিয়ে নানা আলোচনা হলেও উপদেষ্টা পরিষদের কারো জন্য এমন প্রস্থানের প্রয়োজন নেই। বরং ভয়াবহ রাষ্ট্রকাঠামো থেকে গোটা জাতিরই সেফ এক্সিট প্রয়োজন। শনিবার (১১ অক্টোবর) রাজধানীর একটি হোটেলে জাতীয় মানবাধিকার কমিশন অধ্যাদেশ ২০২৫ বিষয়ক জাতীয় পরামর্শ সভায় তিনি এ মন্তব্য করেন। ড. আসিফ নজরুল বলেন, "আপনারা জানেন, এখন সেফ এক্সিট নিয়ে নানা কথাবার্তা হচ্ছে। আমরা উপদেষ্টারা খুব নিশ্চিতভাবে জানি আমাদের কারো কোনো সেফ এক্সিটের প্রয়োজন নেই। গত ৫৫ বছরে আমরা যে দুঃশাসন দেখেছি, বিচারবহির্ভূত হত্যাকাণ্ড দেখেছি, ব্যাংক লুট হয়ে সাধারণ মানুষের আমানত চলে যেতে দেখেছি এই ভয়াবহ, অসুস্থ, আত্মধ্বংসী

৩-এর পৃষ্ঠা দেখুন



# নুরপুরে জামায়াতের গণসংযোগ

নিজস্ব প্রতিবেদক

বাংলাদেশ জামায়াতে ইসলামী মেহেরপুর জেলা শাখার উদ্যোগে সদর উপজেলার পিরোজপুর ইউনিয়নের নুরপুর গ্রামে গণসংযোগ কর্মসূচি অনুষ্ঠিত হয়েছে। গতকাল শনিবার বিকাল ৫টার দিকে নুরপুর গ্রামের বিভিন্ন সড়ক ও স্থানীয় বাজার এলাকাজুড়ে এ গণসংযোগ অনুষ্ঠিত হয়।গণসংযোগ কর্মসূচিতে নেতৃত্ব দেন বাংলাদেশ জামায়াতে ইসলামী মেহেরপুর জেলা আমির ও মেহেরপুর-১ (মেহেরপুর-সদর ও মুজিবনগর) আসনের প্রার্থী মাওলানা তাজউদ্দিন খান। এ সময় উপস্থিত ছিলেন জেলা জামায়াতের নায়েবে আমির মাওলানা মাহবুব উল আলম, জেলা শ্রমিক ফেডারেশনের সভাপতি আব্দুর রউফ মুকুল, রাজনৈতিক সেক্রেটারি কাজি রুহুল আমিন, সদর উপজেলা আমির

৩-এর পৃষ্ঠা দেখুন

# শহিদুল আলমের বর্ণনায় ইসরায়েলি কারাগারে ভয়াল অভিজ্ঞতা

সূর্যোদয় প্রতিবেদন

দৃকের ব্যবস্থাপনা পরিচালক ও আন্তর্জাতিক খ্যাতিসম্পন্ন আলোকচিত্রী শহিদুল আলম ইসরায়েলি বাহিনীর হাতে আটক ও কারাগারে বন্দি থাকার ভয়াবহ অভিজ্ঞতা বর্ণনা করেছেন। তিনি জানিয়েছেন, আটক অবস্থায় তাদের ওপর শারীরিকের চেয়ে মানসিক নির্যাতন ছিল বেশি; ভয়, অপমান ও আতঙ্কের মধ্য দিয়ে তাদের দিন কাটাতে হয়েছে। শনিবার বিকেলে রাজধানীর দৃকপাঠ ভবনে আয়োজিত এক সংবাদ সম্মেলনে এই অভিজ্ঞতার কথা তুলে ধরেন শহিদুল আলম। ইসরায়েলি কারাগার থেকে মুক্ত হয়ে শনিবার ভোরে দেশে ফেরেন তিনি। শহিদুল আলম বলেন, "আটক করে জাহাজ থেকে নামানোর পর আমাদের নানা রকমভাবে নির্যাতন করা হয়েছিল। তবে প্রধান ছিল মানসিক নির্যাতন।

৩-এর পৃষ্ঠা দেখুন



# মৃত শ্রমিকের পরিবারকে ১৮ লাখ টাকা প্রদান

নিজস্ব প্রতিবেদক

মেহেরপুর জেলা মটর শ্রমিক ইউনিয়নের উদ্যোগে মৃত শ্রমিকদের পরিবারের মাঝে মৃত ভাতা প্রদান করা হয়েছে।গতকাল শনিবার মটর শ্রমিক ইউনিয়নের প্রধান কার্যালয়ে এ ভাতা প্রদান করা হয়। ভাতা প্রদান অনুষ্ঠানে জেলা মটর শ্রমিক ইউনিয়নের সভাপতি মোঃ আহসান হাবীব সোনার সভাপতিত্ব করেন। এ সময় উপস্থিত ছিলেন সাধারণ সম্পাদক মোঃ মতিয়ার রহমান, যুগ্ম সাধারণ সম্পাদক শাখায়াত হোসেন সবুজ, মাহবুবুর রহমান মাহবুব, অফিস সেক্রেটারি নাসিম খানসহ অন্যান্য সদস্যবৃন্দ। মেহেরপুর সদর, গাংনী ও মুজিবনগর উপজেলার মোট ৭৮ জনকে মৃত ভাতা প্রদান করা হয়। ড্রাইভাপ্রতি ৪০ হাজার টাকা, সুপারভাইজার প্রতি ৪০ হাজার টাকা এবং হেলপার

৩-এর পৃষ্ঠা দেখুন



# গুম-খুনে অভিযুক্ত সবাইকে গ্রেপ্তারসহ ৫ দফা দাবি ইনকিলাব মঞ্চের

সূর্যোদয় প্রতিবেদন

আন্তর্জাতিক অপরাধ ট্রাইব্যুনালে গুম খুনের দায়ে অভিযুক্ত ২৮ জনকে অবিলম্বে গ্রেপ্তার করে বিচারের দাবিসহ পাঁচ দফা দাবি জানিয়েছে ইনকিলাব মঞ্চ। শনিবার ঢাকা বিশ্ববিদ্যালয়ের (ঢাবি) মধুর ক্যান্টিনে 'জাতীয় নিরাপত্তা রক্ষার্থে গুম-খুনে অভিযুক্ত ২৮ সামরিক কর্মকর্তাদের

৩-এর পৃষ্ঠা দেখুন

# জামায়াত ক্ষমতায় এলে 'ওয়ান টু'-তে সব সমস্যা সমাধান হবে: গোলাম পরোয়ার

সূর্যোদয় প্রতিবেদন

বাংলাদেশ জামায়াতে ইসলামের কেন্দ্রীয় সেক্রেটারি জেনারেল অধ্যাপক মিয়া গোলাম পরোয়ার দাবি করেছেন, জামায়াত ক্ষমতায় এলে দেশে ইসলামী শাসন ব্যবস্থা প্রতিষ্ঠিত হবে এবং 'ওয়ান টু'-তে সব সমস্যার সমাধান সম্ভব হবে। শনিবার খুলনার পাইকগাছা কলেজ মাঠের প্রশাসনিক ভবনে আয়োজিত ছাত্র ও যুব সমাবেশে প্রধান অতিথির বক্তব্যে তিনি এসব কথা বলেন। এছাড়া তিনি শিক্ষা ব্যবস্থায় আমূল পরিবর্তনের ঘোষণা দেন এবং আসন্ন নির্বাচনে জামায়াত মনোনীত প্রার্থী মাওলানা আবুল

৩-এর পৃষ্ঠা দেখুন



# ভারতে মুসলিম জনসংখ্যা বৃদ্ধিতে দায়ী বাংলাদেশ-পাকিস্তান: অমিত শাহ

সূর্যোদয় প্রতিবেদন

ভারতে মুসলিম জনসংখ্যার অস্বাভাবিক বৃদ্ধির জন্য প্রতিবেশী দেশ বাংলাদেশ ও পাকিস্তান থেকে অবৈধ অনুপ্রবেশকে দায়ী করেছেন দেশটির স্বরাষ্ট্রমন্ত্রী অমিত শাহ। তিনি বলেছেন, সীমান্ত পেরিয়ে ব্যাপক হারে অনুপ্রবেশের ফলেই আসাম, পশ্চিমবঙ্গসহ পূর্ব ভারতের বিভিন্ন অঞ্চলে মুসলিম জনসংখ্যা দ্রুত বেড়েছে। শনিবার এক বক্তৃতায়

৩-এর পৃষ্ঠা দেখুন

# আইসিটিতে চার্জশিট হওয়া ১৫ কর্মকর্তা সেনা হেফাজতে

সূর্যোদয় প্রতিবেদন

আন্তর্জাতিক অপরাধ ট্রাইব্যুনালের (আইসিটি) চার্জশিটে নাম আসা সেনা কর্মকর্তাদের মধ্যে ১৫ জন কর্মকর্তাকে ঢাকায় সেনা হেফাজতে নেয়া হয়েছে। এর মধ্যে ১৪ জন কর্মকর্তা কর্মরত এবং একজন এলপিআরে থাকা কর্মকর্তা। শনিবার (১১ অক্টোবর) ঢাকা সেনানিবাসের মেসে আন্তর্জাতিক অপরাধ ট্রাইব্যুনালে সামরিক বাহিনীর সদস্যদের মামলা সংক্রান্ত বিষয়ে আয়োজিত সংবাদ সম্মেলনে এসব তথ্য জানান বাংলাদেশ সেনাবাহিনীর অ্যাডজুটেন্ট

৩-এর পৃষ্ঠা দেখুন

✨ জামান বস্ত্রালয় ✨
আপনার আস্থার পোশাকের ঠিকানা
সর্বাধুনিক ফ্যাশনের নান্দনিক সংগ্রহ
জেন্টস, লেডিস ও বাচ্চাদের জন্য মানসম্মত পোশাক
সালোয়ার-কামিজ, থ্রি-পিস, শাড়ি, পাঞ্জাবি, কোটসহ সবকিছু
ঈদ, পূজা, বিয়ে বা যেকোনো উৎসবের জন্য বিশেষ কালেকশন
ন্যায্য দামে গুণগত মানের নিশ্চয়তা
একবার আসুন, দেখুন – তারপরই বুঝবেন পার্থক্য!
ঠিকানা: বড়বাজার, মেহেরপুর
যোগাযোগ: 01718 552784, 01673 980044

## প্রযুক্তি

# বাংলাদেশিদের জন্য সাশ্রয়ী সংস্করণ আনল চ্যাটজিপিটি

সূর্যোদয় প্রতিবেদন

বাংলাদেশসহ এশিয়ার আরও ১৬টি দেশে চালু হলো চ্যাটজিপিটির নতুন ও সাশ্রয়ী সংস্করণ 'চ্যাটজিপিটি গো'। জনপ্রিয় কৃত্রিম বুদ্ধিমত্তাভিত্তিক চ্যাটবটটির নির্মাতা প্রতিষ্ঠান ওপেনএআই বৃহস্পতিবার এক ঘোষণায় বিষয়টি জানিয়েছে। ওপেনএআইয়ের প্রধান নিক টার্লে জানান, "ব্যবহারকারীদের দীর্ঘদিনের চাওয়া ছিল একটি সাশ্রয়ী সাবস্ক্রিপশন প্ল্যান 'চ্যাটজিপিটি গো' সেই প্রয়োজন পূরণ করবে।" এর আগে চলতি বছরের আগস্টে সামাজিক যোগাযোগমাধ্যম এক্স-এ টার্লে ইঙ্গিত দিয়েছিলেন, 'চ্যাটজিপিটিকে আরও সহজলভ্য ও বাজেট বান্ধব করার উদ্যোগ চলছে।' প্রথমে ভারত ও ইন্দোনেশিয়ায়




পরীক্ষামূলকভাবে চালুর পর এখন এশিয়ার মোট ১৮টি দেশে এই নতুন সাবস্ক্রিপশন পাওয়া যাচ্ছে। এসব দেশের মধ্যে রয়েছে বাংলাদেশ,

৩-এর পৃষ্ঠা দেখুন

মায়ের হাসি ক্লিনিক
ও নিউ হেলথ্ কেয়ার ল্যাব
মোতাছিম বিল্লাহ মতু'র বাসা, কাশারীপাড়া, মেহেরপুর।
পরীক্ষাসমূহ ✅ ই.সি.জি (কম্পিউটারাইজড) ✅ এক্স-রে ✅ আল্ট্রাসনোগ্রাফি ✅ হরমন এনালাইসিস ✅ সকল প্রকার প্যাথলজি পরীক্ষা ✅ মহিলা বিশেষজ্ঞ দ্বারা নরমাল ডেলিভারি, সিজারিয়ান ও সব ধরনের অপারেশন ✅ আধুনিক যন্ত্রপাতি ও যত্নবান সেবা
সিরিয়ালের জন্য যোগাযোগ: রিসিপশন : ০১৩০৬-৯২৫৬২৫
মার্কেটিং - জসিম : ০১৭১৩-৯১২৫৫১ বাপ্পী : ০১৭১২-২১৪১৩১
নিয়মিত রোগী দেখেন
শিশুরোগ, শিশুপুষ্টি ও মেডিসিন বিশেষজ্ঞ
ডাঃ এম.র. মালিক
এমবিবিএস, ডিসিএইচ (আয়ারল্যান্ড) এমএসসি (পুষ্টি) ডিসিএম, সিসিডি, এমএসসি (সাইকো) এমপিএইচ,আইপিপিএস (অষ্টেলিয়া) সিসিড, পিজিপিএন বোস্টন ইউনিভার্সিটি, আমেরিকা)এফআরএসএম (লন্ডন) এফআরএসএইচ (লন্ডন), এমএএমএস (ভিয়েনা), সিপেড, বিসিএস (স্বাস্থ্য)ফেলো রয়েল সোসাইটি অব মেডিসিন (লন্ডন), রিসার্চ ফেলো-সিঙ্গাপুর ও অস্ট্রেলিয়া এসোসিয়েট প্রফেসর ও বিভাগীয় প্রধান (এক্স) নর্থ বেঙ্গল মেডিকেল কলেজ হসপিটাল
রোগী দেখেন : প্রতি রবিবার সকাল ৮ টা থেকে দুপুর ২ টা।
নবজাতক, শিশু ও কিশোর রোগ বিশেষজ্ঞ
ডাঃ কানিজ নাঈমা
এম.বি.বি.এস, বিসিএস (স্বাস্থ্য), ডিসিএইচ (শিশু) জুনিয়র কনসালটেন্ট (শিশু) ২৫০ শয্যা বিশিষ্ট জেনারেল হাসপাতাল, মেহেরপুর।
রোগী দেখেন: দুপুর ২ টা থেকে ৩ টা। (শুক্রবার ব্যাতিত)
প্রসূতি ও স্ত্রীরোগ চিকিৎসক সার্জন ও সনোলজিষ্ট
ডাঃ রুমানা হেলালী (জুসি)
এম.বি.বি.এস (ঢাকা), বিসিএস (এফ.পি), ডি.এম.ইউ ই ও সি (অবস্ এন্ড গাইনী), মেডিকেল অফিসার, মা ও শিশু কল্যাণ কেন্দ্র,মেহেরপুর। গাইনী, বন্ধ্যাত্ব, গর্ভবতী, প্রসূতী, কিশোরী ও স্ত্রী রোগের চিকিৎসা করেন।
মেডিকেল প্রাক্টিশনার ও মেডিসিন রোগে অভিজ্ঞ
ডাঃ মুত্তাকী বিল্লাহ শাফিন
এমবিবিএস(ডিইউ)
আবাসিক মেডিকেল অফিসার, মায়ের হাসি ক্লিনিক, প্রতিদিন নিয়মিত রোগী দেখেন।
মেডিসিন, ডায়াবেটিস ও সনোলজিস্ট
ডাঃ এস.এম. আরাফাত আল আকাশ
এম.বি.বি.এস (ডি.ইউ), সিসিডি (বারডেম), পিজিটি (মেডিসিন), সি এম ইউ (আল্ট্রা) এইচ. এম. ও
রোগী দেখেন: প্রতি শুক্র ও শনিবার সকাল ১০ টা থেকে রাত্রি ৮ টা

হৃদরোগ, মেডিসিন এবং ডায়াবেটিক রোগ বিশেষজ্ঞ
এম.বি.বি.এস (ডি.ইউ) বি.সি.এস (স্বাস্থ্য), ডি-কার্ড কার্ডিওলজি), এফ.সি.পি.এস(মেডিসিন). সি.সি.ডি (বারডেম),এক্স রেসিডেন্ট, কার্ডিওলজি বিভাগ, ঢাকা মেডিকেল কলেজ হাসপাতাল। মেডিকেল অফিসার, জেনারেল হাসপাতাল, মেহেরপুর।



ডা: মো: শাহিনুর রশিদ
চিকিৎসা সেবা সমূহ
• হৃদরোগ (হার্টের সমস্যা)• হার্ট এ্যাটাক/হার্ট ফেলিউর ◻ হৃদরোগ জনিত শ্বাসকষ্ট বুক ধড়ফড় করা, • হার্টের ভাল্বের সমস্যা • জন্মগত হার্টের ছিদ্র ◻ এ্যাজমা ও শ্বাসকষ্ট - বক্ষব্যাধি • ডায়াবেটিস • বাতব্যথা বাতজ্বর • কিডনী রোগ • প্রেসার (উচ্চ রক্তচাপ)• রক্তের কলেস্টেরল বৃদ্ধি • লিভার ও পরিপাকতন্ত্রের রোগ • জ্বর (দীর্ঘ কালীন)।
নিয়মিত রোগী দেখছেন ও ইকোকার্ডিওগ্রাফি করছেন শনি থেকে বুধবার বিকাল ৩টা থেকে রাত ৮টা পর্যন্ত।
রাবেয়া মেডিকেল সার্ভিসেস, হাসপাতাল গেট, মেহেরপুর
সিরিয়ালের জন্য যোগাযোগ রিসিপশন: 01754974466, 01724-787313 মার্কেটিং: 01304-100307, 1304-100308

দিন রাত মানবিক সেবার নিশ্চয়তা
কুদরত-ই-খুদা ক্লিনিক এন্ড ল্যাব
মুজিবনগর উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স এর সামনে (আসিফ প্লাজা ২ য় তলা)
সিরিয়ালের জন্য : ০১৭৫৭-৮২৮২৭৮
ডা. আ.ফ.ম. মুনতাহী রেজা রুবেল



এমবিবিএস,বিসিএস(স্বাস্থ্য) এফ.সি.পি.এস (ইউরোলজি),এম.স (ইউরোলজি)বিশেষজ্ঞ ও সার্জন ইউরোলজি বিশেষজ্ঞ সার্জন
কিডনী, মুত্রথলী, মুত্রনালী, প্রোস্টেট গ্রান্থি, অন্ডেকোষ, পুরুষ প্রজাননতন্ত ও ফিমেল ইরোলজি বিশেষজ্ঞ ও সার্জন।
রোগী দেখোর সময় : দুপুর ২ টা হতে রাত ৮ টা
শনি ও রবিবার

ভারপ্রাপ্ত সম্পাদক : মাহবুবুল হক পোলেন। আবুল কাসেম অনুরাগী কর্তৃক স্টাডি হাউজ, মহিলা কলেজ রোড, গাংনী, মেহেরপুর থেকে প্রকাশিত ও হাই কোয়ালিটি প্রিন্টার্স ২৯, স্যার ইকবাল রোড, কুস্টিয়া থেকে মুদ্রিত।
সম্পাদকীয় ও বাণিজ্যিক কার্যালয় : প্রধান সড়ক, হোটেল বাজার মোড়, মেহেরপুর-৭১০০। মোবাইল : ০১৭১৪৯৩৮৬৪৭ ই-মেইল : surjonews@gmail .com

## হার্ট ভালো রাখতে যাদুকরী সবজি

(শেষ পৃষ্ঠার পর)
ধরনের শারীরিক পরিশ্রম করা ব্যক্তিদের জন্য এটি অত্যন্ত উপকারী। নিয়মিত একটি করে বিট খেলে শারীরিক সহনশীলতা ও এনার্জি লেভেল চোখে পড়ার মতো বাড়ে।বটের আরেকটি বড় গুণ হলো এর উচ্চ ফাইবার উপাদান। এটি হজম প্রক্রিয়াকে উন্নত করে, অন্ত্রের মুভমেন্ট বাড়ায় এবং কোষ্ঠকাঠিন্য থেকে মুক্তি দেয়। যাদের হজমজনিত সমস্যা রয়েছে, তাদের জন্য বিট কার্যকর একটি সমাধান হতে পারে। বিটে থাকা ভিটামিন সি ও অ্যান্টি-অক্সিডেন্ট বিটালেইন ত্বকের জন্য অত্যন্ত উপকারী। এটি কোলাজেন উৎপাদন বাড়ায়, ত্বককে করে উজ্জ্বল, টানটান ও তারুণ্যদীপ্ত। নিয়মিত বিট খেলে ত্বকে প্রাকৃতিক উজ্জ্বলতা ফিরে আসে এবং বলিরেখা কমে যায়। বিটের অ্যান্টি-অক্সিডেন্ট উপাদান শরীরের প্রদাহ হ্রাস করে এবং ফ্রি র‍্যাডিক্যালস থেকে সুরক্ষা দেয়। এতে করে হৃদরোগ, ডায়াবেটিসের মতো জটিল রোগের ঝুঁকি কমে। পাশাপাশি রোগ প্রতিরোধ ক্ষমতা বৃদ্ধি পায়, ক্লান্তি দূর হয় এবং মানসিক শক্তিও বাড়ে। বিট সহজেই সালাদ, জুস বা তরকারির সঙ্গে যুক্ত করা যায়। কাঁচা, সিদ্ধ কিংবা রান্না করে যেকোনো ভাবে খাওয়া যায় এটি। বিশেষজ্ঞরা বলছেন, প্রতিদিন একটিমাত্র বিট খাওয়ার অভ্যাস দীর্ঘমেয়াদে শরীর ও হৃদয়ের জন্য আশীর্বাদ হয়ে উঠতে পারে।

## চুয়াডাঙ্গায় দুই প্রতিষ্ঠানকে জরিমানা

(শেষ পৃষ্ঠার পর)
শওকতকে ৫ হাজার টাকা জরিমানা করা হয়। এছাড়া মূল্য তালিকা না থাকা, অপরিচ্ছন্ন পরিবেশে মিষ্টি তৈরি ও সংরক্ষণ করায় মেসার্স শ্যামল মিষ্টান্ন এন্ড দধি ভান্ডারের স্বত্বাধিকারী শ্রী বিশ্বজিৎ সাহাকে ৩৮ ও ৪৩ ধারায় ১৫ হাজার টাকা জরিমানা করা হয়েছে। অভিযানে সহযোগিতায় ছিলেন ক্যাব প্রতিনিধি মো. রফিকুল ইসলাম ও জামজামি ক্যাম্প পুলিশের একটি টিম।

## জাতীয় পার্টির কর্মী সমাবেশ পণ্ড

(শেষ পৃষ্ঠার পর)
হয়েছে। দলীয় নেতারা সরকারের বিরুদ্ধে সমাবেশে বক্তব্য রাখার কথা ছিল। অভিযোগ ছিল, আসন্ন জাতীয় সংসদ নির্বাচনে তাদের প্রতীকসহ দলীয় কর্মকাণ্ডে 'ষড়যন্ত্র' করা হচ্ছেড়এই দাবিতেই জি এম কাদের শনিবার ঢাকায় জরুরি সভা ডাকেন। সমাবেশ পণ্ড হওয়ার ফলে ঐতিহাসিকভাবে শান্তিপূর্ণভাবে বক্তব্য পেশ এবং সমাবেশ মিছিল ছাড়াও সভা না হওয়ার কারণে রাজনৈতিক উত্তেজনা বাড়ার আশঙ্কা করা হচ্ছে। রাজনৈতিক পর্যবেক্ষকরা বলছেন, জাতীয় পার্টির এমন পদক্ষেপ এবং পুলিশের কড়া অবস্থান দেশের সাম্প্রতিক রাজনৈতিক প্রেক্ষাপটে নতুন বিতর্কের সূত্রপাত করবে। বিশেষত নির্বাচনী জরুরি মুহূর্তে রাজনৈতিক সমাবেশ নিয়ন্ত্রণ ছাড়াও গণসংকলন ও সভার অধিকার নিয়ে প্রশ্ন তোলা হবে।

## মৃত শ্রমিকের পরিবারকে ১৮ লাখ

(শেষ পৃষ্ঠার পর)
প্রতি ৩০ হাজার টাকা করে বিতরণ করা হয়েছে।

## আইসিটিতে চার্জশিট হওয়া ১৫

(শেষ পৃষ্ঠার পর)
জেনারেল মেজর জেনারেল মো: হাকিমুজ্জামান। তিনি বলেন, 'যেসব কর্মকর্তার বিরুদ্ধে চার্জশিট হয়েছে তাদের মধ্যে ১৫ জন কর্মকর্তা ঢাকায় সেনা হেফাজতে আছে। আমরা ১৬ জনকে সেনা হেফাজতে আসার জন্য বলেছিলাম। তাদের ১৫ জন্য আমাদের সেনা হেফাজতে এসেছে।'

## শহিদুল আলমের বর্ণনায় ইসরায়েলি

(শেষ পৃষ্ঠার পর)
আমাদের পেছনে হাত বেঁধে এমন জায়গায় হাঁটুমুড়ে বসানো হয়েছিল, যেখানে আগে থেকেই তারা মূত্রত্যাগ করেছিল। বারবার আমার বাংলাদেশি পাসপোর্ট মাটিতে ফেলে দেওয়া হয়। আমি সেটি তুলতে গেলেই সৈন্যরা চড়াও হতো।" তিনি আরও জানান, নিজেদের মধ্যে কথা বলার অপরাধে তার দুই সহযাত্রীকে ইসরায়েলি সেনারা মেশিনগানের ব্যারেল দিয়ে আঘাত করে। শহিদুল আলম বলেন, "মরুভূমির মধ্যে ইসরায়েলের একটি গোপন কারাগারে আমাদের রাখা হয়েছিল। সেখানে সিলেটের একজন সহযাত্রী ছিলেন, যাকে ইসরায়েলি বাহিনী হামাসের এজেন্ট বলে অভিযুক্ত করে গুলি করে হত্যার হুমকি দেয়।" তিনি জানান, বন্দি অবস্থায় তারা অনশন করেছিলেন। আড়াই দিনে একবার খাবার দেওয়া হতো। কারাগারে লোহার বিছানা, নোংরা শৌচাগার এবং ভয়ঙ্কর নিরবচ্ছিন্ন চাপ ছিল তাদের জীবনের অংশ। "গভীর রাতে হঠাৎ মেশিনগান হাতে ইসরায়েলি বাহিনী সেলে ঢুকে চিৎকার করত, ভয় দেখাত। আমরা সারাক্ষণ আতঙ্কে থাকতাম," বলেন শহিদুল আলম। এই অভিজ্ঞতার মধ্য দিয়েও দৃঢ় মনোবল বজায় রাখার কথা জানান তিনি। তাঁর ভাষায়, "আমাদের ওপর অন্যায় হয়েছে, কিন্তু এই অন্যায়ের বিরুদ্ধে সত্য বলার দায় আমার আছে।"

## বাংলাদেশিদের জন্য সাশ্রয়ী সংস্করণ

(শেষ পৃষ্ঠার পর)
ভূটান, ব্রুনাই, কম্বোডিয়া, ভারত, ইন্দোনেশিয়া, লাওস, মালয়েশিয়া, মালদ্বীপ, মিয়ানমার, নেপাল, পাকিস্তান, ফিলিপিন্স, শ্রীলঙ্কা, থাইল্যান্ড, পূর্ব তিমুর, আফগানিস্তান ও ভিয়েতনাম। ওপেনএআই জানায়, নতুন এই প্ল্যানের লক্ষ্য হলো তাদের সর্বশেষ মডেল 'জিপিটি -৫' এর সুবিধা আরও বেশি মানুষের কাছে পৌঁছে দেওয়া। 'চ্যাটজিপিটি গো'-তে ফ্রি সংস্করণের সব ফিচারের পাশাপাশি ব্যবহারকারীরা পাবেন ছবি তৈরি, ফাইল আপলোড, উন্নত ডেটা বিশ্লেষণসহ আরও কিছু অতিরিক্ত সুবিধা। পাশাপাশি ব্যবহার সীমাও ফ্রি সংস্করণের তুলনায় অনেক বেশি রাখা হয়েছে। মূল্য কাঠামোর দিক থেকে এটি ওপেনএআইয়ের সবচেয়ে সাশ্রয়ী প্ল্যান। ভারতে মাসে ৩৯৯ রুপি এবং ইন্দোনেশিয়ায় মাসে ৭৫ হাজার রুপিয়ায় এই সেবা পাওয়া যাচ্ছে। তবে অন্য দেশগুলোয় দাম কিছুটা ভিন্ন হতে পারে। বর্তমানে ওপেনএআইয়ের আরও দুটি পেইড প্ল্যান রয়েছে। যার মধ্যে একটি 'চ্যাটজিপিটি প্লাস', দাম মাসে ২০ ডলার এবং অন্যটি 'চ্যাটজিপিটি গো', দাম মাসে ২০০ ডলার। এ ছাড়া মাসে ২৫ ডলারের এক ব্যবসায়িক বা বিজনেস প্ল্যানও রয়েছে কোম্পানিটির।বাজারে আসার পর থেকে বিশ্বজুড়ে চ্যাটজিপিটির ব্যবহার দ্রুত বেড়েছে, বিশেষ করে ২০২২ সালের শেষ দিকে। ওপেনএআইয়ের তথ্য অনুযায়ী, ২০২৫ সালের মে মাসে সবচেয়ে কম আয়ের দেশগুলোতে চ্যাটজিপিটির ব্যবহার বৃদ্ধির হার বিভিন্ন ধনী দেশের থেকে চার গুণের বেশি ছিল।

## গুম-খুনে অভিযুক্ত সবাইকে গ্রেপ্তারসহ

(শেষ পৃষ্ঠার পর)
সেইফ এক্সিট দেওয়ার অপচেষ্টার প্রতিবাদে ও অতিদ্রুত দোষীদেরকে গ্রেপ্তার করে বিচারের মুখোমুখি করার দাবিতে' জরুরি সংবাদ সম্মেলনে সংগঠনটির মুখপাত্র শরীফ ওসমান হাদি এ সব সব দাবি জানান। এ সময় অন্যান্য নেতারা উপস্থিত ছিলেন। তাদের পাঁচ দফা দাবি হলো- আন্তর্জাতিক অপরাধ ট্রাইব্যুনালে কর্তৃক গুম-খুনের দায়ে অভিযুক্ত ২৮ জনকে অবিলম্বে গ্রেপ্তার করে দ্রুত বিচারের মুখোমুখি করতে হবে; গুম-খুনে সরাসরি ইন্ডিয়ার সংশ্লিষ্টতা প্রতীয়মান হওয়ায় আন্তর্জাতিক আদালতে বাংলাদেশ সরকারকে ইন্ডিয়ার বিরুদ্ধে মামলা দায়ের করতে হবে; পিলখানা ও গুম কমিশন এবং আন্তর্জাতিক অপরাধ ট্রাইব্যুনালের প্রসিকিউশন টিমসহ দায়িত্বপ্রাপ্ত সকলের পূর্ণাঙ্গ নিরাপত্তা নিশ্চিত করতে হবে; পিলখানা কমিশনের পূর্ণাঙ্গ প্রতিবেদন কোনো ধরনের কাটছাঁট ছাড়া নির্ধারিত সময়ের মধ্যে জনসম্মুখে প্রকাশ করতে হবে; ক্যান্টনমেন্ট থেকে সেইফ এক্সিট দেয়া ৬২৬ জনসহ অন্যান্য অপরাধীদের ইন্টারপোলের মাধ্যমে অতিদ্রুত ফিরিয়ে এনে বিচারের মুখোমুখি করতে হবে। শরীফ ওসমান হাদি বলেন, বাংলাদেশের জনগণকে আর দেশপ্রেমিক সেনাবাহিনীকে মুখোমুখি দাঁড় করানো চলবে না। কিছু গণহত্যাকারী, লুটেরা, পাচারকারী, গুমকারী ২৫-৩০ জন মানে বাংলাদেশের আপমর সেনাবাহিনী নয়। বাংলাদেশের সেনাবাহিনী হচ্ছে জুলাই গণঅভ্যুত্থানের পক্ষে যারা দাঁড়িয়েছে তারাই আমাদের সেনাবাহিনী। সুতরাং সেনাবাহিনীর সঙ্গে বাংলাদেশের দেশপ্রেমিক মানুষের কোনো সমস্যা নেই। আমরা সবাই একসঙ্গে আছি। আমাদের কমন শত্রু গণহত্যাকারী আওয়ামী লীগ, দিল্লির সেবাদাস সেই সমস্ত জেনারেলরা, যারা বাংলাদেশকে ধ্বংস করেছে। তাদের বিচার হবেই হবে।'
তিনি বলেন, ইতিমধ্যে যাদেরকে সেফ এক্সিট দেওয়া হয়েছে, ইন্ডিয়া এবং অন্যান্য অন্যান্য যেসব দেশে তারা পালিয়েছে, ইন্টারপোলের মাধ্যমে তাদেরকে ফিরিয়ে এনে অতিদ্রুত মুখোমুখি করতে হবে।

## গোলাম পরোয়ার

(শেষ পৃষ্ঠার পর)
কালাম আজাদকে ভোট দেওয়ার আহ্বান জানান। মিয়া গোলাম পরোয়ার ভোটারদের উদ্দেশ্যে বলেন, ভোটের বুথে দাঁড়িপাল্লা প্রতীক দেখামাত্র বলবেন "বিসমিল্লাহ দাঁড়িপাল্লা", সিল মেরে বলবেন "আলহামদুলিল্লাহ দাঁড়িপাল্লা", এবং ভোটকক্ষ থেকে বের হয়ে বলবেন "মাশাআল্লাহ দাঁড়িপাল্লা।" সমাবেশে বিশেষ অতিথির বক্তব্যে মাওলানা আবুল কালাম আজাদ বলেন, পিআর (প্রত্যক্ষ রেফারেন্স) পদ্ধতি ছাড়া বাংলাদেশে কোনো ভোট হবে না। উপজেলা জামায়াতের আমির মাওলানা সাঈদুর রহমানের সভাপতিত্বে সমাবেশে উপস্থিত ছিলেন কেন্দ্রীয় ছাত্র শিবিরের সেক্রেটারি জেনারেল নুরুল ইসলাম সাদ্দাম, জেলা জামায়াতের নায়েবে আমির মাওলানা গোলাম সরোয়ার, জেলা সেক্রেটারি মুন্সী মিজানুর রহমানসহ স্থানীয় ও কেন্দ্রীয় নেতারা। এছাড়া মাওলানা আমিনুল ইসলাম, আবুজার আল গিফারী, অ্যাডভোকেট শাহ আলম, মুন্সী মঈনুল ইসলাম, অমরেশ চন্দ্র মণ্ডল, অধ্যাপক মিয়া গোলাম কুদ্দুস ও মাওলানা শফিকুল ইসলামও বক্তব্য রাখেন।

## দায়ী বাংলাদেশ-পাকিস্তান: অমিত শাহ

(শেষ পৃষ্ঠার পর)
অমিত শাহ বলেন, "অনুপ্রবেশ কোনও রাজনৈতিক ইস্যু নয়; এটি একটি জাতীয় সমস্যা এবং ভারতের গণতন্ত্রের জন্য বড় হুমকি।" তিনি দাবি করেন, আসামের ২০১১ সালের আদমশুমারির তথ্য অনুযায়ী, রাজ্যে মুসলিম জনসংখ্যার দশকব্যাপী বৃদ্ধির হার ছিল ২৯.৬ শতাংশ, যা স্বাভাবিক বৃদ্ধির হারের তুলনায় অনেক বেশি। শাহের ভাষায়, "অনুপ্রবেশ ছাড়া এমন বৃদ্ধির ব্যাখ্যা দেওয়া সম্ভব নয়। পশ্চিমবঙ্গের অনেক জেলাতেও মুসলিম জনসংখ্যা ৪০ শতাংশের বেশি, আর সীমান্তবর্তী এলাকায় তা ৭০ শতাংশ পর্যন্তড় যা অতীতের অবৈধ অনুপ্রবেশের স্পষ্ট প্রমাণ।" অমিত শাহ অভিযোগ করেন, কিছু রাজনৈতিক দল অনুপ্রবেশকারীদের 'ভোটব্যাংক' হিসেবে ব্যবহার করছে এবং রাজনৈতিক স্বার্থে তাদের রক্ষা করছে। তাঁর মতে, কেন্দ্র একা অনুপ্রবেশ ঠেকাতে পারবে না; রাজ্য সরকারগুলোকেও এ বিষয়ে দায়িত্ব নিতে হবে। তিনি প্রশ্ন তোলেন, "গুজরাট ও রাজস্থানেরও সীমান্ত আছে, কিন্তু সেখানে অনুপ্রবেশ ঘটে না। তাহলে কেন আসাম ও পশ্চিমবঙ্গে এই প্রবণতা এত বেশি?" অমিত শাহ আরও দাবি করেন, বাংলাদেশের দিক থেকে অনুপ্রবেশের কারণে ঝাড়খণ্ডে উপজাতি সম্প্রদায়ের জনসংখ্যা উল্লেখযোগ্যভাবে হ্রাস পেয়েছে। তিনি বলেন, "যখন কেউ শরণার্থী ও অনুপ্রবেশকারীর পার্থক্য বুঝতে ব্যর্থ হয়, তখন সে নিজের আত্মার সঙ্গে প্রতারণা করে।" তবে বিরোধী দলগুলো শাহের এই বক্তব্যকে তীব্র সমালোচনা করেছে। কংগ্রেস ও তৃণমূল কংগ্রেসের নেতারা অভিযোগ করেছেন, বিজেপি সরকার নির্বাচনকে সামনে রেখে ইচ্ছাকৃতভাবে অনুপ্রবেশ ইস্যু উস্কে দিচ্ছে। তাদের মতে, কেন্দ্রের অধীনে সীমান্ত নিরাপত্তা বাহিনী (ইঝঋ) থাকা সত্ত্বেও অনুপ্রবেশ বন্ধ না হওয়া সরকারেরই ব্যর্থতা। রাজনৈতিক বিশ্লেষকদের মতে, অমিত শাহের এ ধরনের মন্তব্য সংখ্যালঘুদের উদ্দেশ্য করে একটি রাজনৈতিক বার্তা বহন করছে, যা নির্বাচনী কৌশলের অংশ হতে পারে। বিশ্লেষকরা বলেন, "যখন দারিদ্র্য, বেকারত্ব ও মূল্যবৃদ্ধির মতো বাস্তব সমস্যা সামনে, তখন সরকার জনসংখ্যা ও অনুপ্রবেশের ইস্যু তুলে ধরে জনমতকে বিভক্ত করার চেষ্টা করছে।"

## আসিফ নজরুল

(শেষ পৃষ্ঠার পর)
রাষ্ট্রকাঠামো থেকে আমাদের জাতির সেফ এক্সিট প্রয়োজন।" সভায় আরও উপস্থিত ছিলেন গৃহায়ন ও গণপূর্ত এবং শিল্প বিষয়ক মন্ত্রণালয়ের উপদেষ্টা আদিলুর রহমান খান, পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন এবং পানিসম্পদ বিষয়ক মন্ত্রণালয়ের উপদেষ্টা সৈয়দা রিজওয়ানা হাসান, অ্যাটর্নি জেনারেল মো. আসাদুজ্জামান, সুপ্রিম কোর্ট বার অ্যাসোসিয়েশনের সভাপতি ব্যারিস্টার মাহবুব উদ্দিন খোকন এবং বিভিন্ন আন্তর্জাতিক সংস্থার প্রতিনিধিরা। সভায় জাতীয় মানবাধিকার কমিশন অধ্যাদেশ ২০২৫ নিয়ে অংশগ্রহণকারীরা বিভিন্ন মতামত ও প্রস্তাবনা তুলে ধরেন।

## নুরপুরে জামায়াতের গণসংযোগ

(শেষ পৃষ্ঠার পর)
সোহেল রানা, উপজেলা সেক্রেটারি ও আমঝুপি ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান প্রার্থী জাব্বারুল ইসলাম মাস্টার, সদর শ্রমিক ফেডারেশনের সভাপতি আবুল হোসেন, পিরোজপুর ইউনিয়নের ভারপ্রাপ্ত আমির মিয়ারুল ইসলাম, সেক্রেটারি জমিরুল ইসলাম ও নুর-পুর ওয়ার্ড সভাপতি কাওছার আলীসহ স্থানীয় নেতৃবৃন্দ। গণসংযোগ কর্মসূচিতে আসন্ন রাজনৈতিক কর্মকাণ্ডে জনসম্পৃক্ততা বৃদ্ধি এবং দলীয় প্রার্থীর পক্ষে সর্বাত্মক সমর্থন প্রদানের আহ্বান জানানো হয়।

# আব্রামকে নিয়ে জন্মদিন উদযাপন করলেন অপু বিশ্বাস

বিনোদন ডেস্ক

দর্শকপ্রিয় নায়িকা অপু বিশ্বাসের জন্মদিন আজ (১১ অক্টোবর)। তার দীর্ঘ ক্যারিয়ারে শতাধিক সিনেমায় কাজ করেছেন। জন্মদিনে প্রথম প্রহর থেকেই তিনি তার ভক্ত-অনুরাগীদের কাছ থেকে শুভেচ্ছা বার্তা পাচ্ছেন। সহকর্মীরাও তাকে জন্মদিনের অভিনন্দন ও শুভেচ্ছায় ভাসাচ্ছেন।
অপুর জন্মদিন উপলক্ষে সোশ্যাল মিডিয়ায় অনুরাগীদের উচ্ছ্বাস দেখা যাচ্ছে। কারণ তার একমাত্র ছেলে আব্রাম খান জয় তার মাকে কেক কেটে জন্মদিনের প্রথম প্রহরে শুভেচ্ছা জানায়। শুক্রবার দিনগত রাতে একটি ভিডিও প্রকাশ করেন অপু বিশ্বাস। এতে দেখা যায়, একটি আকর্ষণীয় বেগুনি রঙের কেকের সামনে বসে আছেন মা-ছেলে। এ সময় মাকে শুভেচ্ছা জানিয়ে আব্রাম বলে- 'মম! হ্যাপি বার্থডে।' এরপর অপু ছেলেকে আদর দিয়ে কেক কাটা কাটেন। তবে এ সময় ঘটে যায় একটি মজার ঘটনাও! ছোট্ট আব্রাম কেকে থাকা মোমবাতি ফুঁ দিয়ে নেভাতে পারছিল না, তাই বার বার ফুঁ দিচ্ছিল। পরে অপু এক ফুঁ দিয়ে মোমবাতি নিভিয়ে দেন এবং হেসে দেন। এরপর বলেন, 'চলো এবার কেক কাটি।' এরপর কেক কাটেন তারা একে অপরকে খাইয়ে দেয়।
অপুর জন্মদিনের ভিডিওটি অনুরাগীরা বেশ পছন্দ করেছেন। শোবিজের মানুষ থেকে শুরু করে অনুরাগীরা মন্তব্য ঘরে অপুকে শুভেচ্ছা জানাচ্ছে এবং আব্রামকে প্রশংসা করছে।



চলচ্চিত্রে অপু বিশ্বাস নামে পরিচিতি পেলেও তার প্রকৃত নাম 'অবন্তী বিশ্বাস'। ১৯৮৯ সালের ১১ অক্টোবর তিনি বগুড়া জেলার সদর থানার কাটনারপাড়া এস কে লেনে জন্মগ্রহণ করেন। অপু বিশ্বাস ২০০৮ সালের ১৮ এপ্রিল অভিনেতা শাকিব খানকে গোপনে বিয়ে করেন। বিভিন্ন ঘটনার জন্ম দিয়ে তাদের একমাত্র ছেলে আব্রাম খান জয়ের জন্মের পর ২০১৭ সালে সেই বিয়ের কথা প্রকাশ্যে আনেন এ নায়িকা।


কিমিয়া ফার্মেসি এন্ড দাওয়াখানা
হাকীম (ডাঃ) মোঃ মোজাফফর হোসেন (জাফর)
হাকীম (ডাঃ) মিসেস সেলিনা সুলতানা
ঢাকা ইউনানী মেডিকেল কলেজ হতে ইউনানী মেডিসিনের উপর ফাস্ট ক্লাস ডিগ্রী প্রাপ্ত
রোগী দেখার সময়:
প্রত্যহ সকাল ৮ টা হইতে সন্ধ্যা ৬টা পর্যন্ত।
বাঁশবাড়িয়া পশ্চিমপাড়া, গাংনী, মেহেরপুর
কুষ্টিয়া টু মেহেরপুর রোডে (গাংনী পৌরসভা পিলারের সামনে)মোবাইলঃ ০১৭১২-৫৩১২৫১, ০১৯৪৭৫২৯৭৭৮

ভাস্কর ডেন্টাল সার্জারী
টি এন্ডটি রোর্ড,এশিয়ানেট মোড়, বড়বাজার , মেহেরপুর

ডি,এন ভাস্কর (মানস)
(ডেন্টাল টেকনোলজিস্ট)
ডিএমডিটি (ঢাকা) এমএফটি (ডেন্টাল), খুলনা মেডিকেল কলেজ হাসপাতাল
রোগী দেখার সময় :
সকাল : ৯টা – দুপুর ২টা, বিকাল : ৫টা – রাত ৯টা
(প্রতিদিন খোলা)
০১৬৭১-৫৮৫২৩২, ০১৯২০-৬৯৪৫৩২
অত্যাধুনিক যন্ত্রপাতি জীবাণুমুক্ত পরিবেশসহ দাঁতের চিকিৎসা করা হয়। রুট ক্যানেল , কসমেটিক ফিলিং দাঁত তোলা সহ সকল প্রকার দাঁতের চিকিৎসা করা হয়।

বিশ্বস্ত ও নির্ভরতায়.....সেই ১৯৮৪ সাল থেকে
প্রতিষ্ঠাতাঃ মরহুম বাবর আলী
মেসার্স আঃ মালেক ষ্টোর এন্ড মিষ্টান্ন ভান্ডার
ফল, কসমেটিকস্, বেবিফুড, ফাস্টফুড, ফ্রোজেনফুড,বেকারী, জন্মদিনের কেক, মুদি মালামাল, কাঁচা সবজি মিষ্টি ও দই সামগ্রী বিক্রেতা।
পরিচালনায় ঃ মোঃ আব্দুল মালেক
গাংনী বাজার বাসষ্ট্যান্ড, গাংনী, মেহেরপুর

নাজ জুয়েলার্স
হাইস্কুল রোড, গাংনী বাজার, মেহেরপুর
বিশেষ অফার
২১ কে ও ২২ কে স্বর্ণের গহনাগুলো
গ্যারান্টি সহকারে
অনন্য ডিজাইন
সেরা মানের স্বর্ণ
আজই আসুন ও আপনার স্বপ্নের গহনা নির্বাচন করুন!
নাজ জুয়েলার্স – মান ও সৌন্দর্যের প্রতিশ্রুতি
প্রোপাইটার: হাজি মোঃ জাহিদুল আলম
মোবাইল: ০১৯২৩-৮৬২৮৬৯ | ০১৭১৮-৫৬০৩৬৮

রবিউল ইসলাম মেমোরিয়াল হাসপাতাল
গাংনী হাসপাতাল বাজার, গাংনী, মেহেরপুর।
মোবাইল ০১৭৬৬-৪৮৭৪০৯, ০১৭৬৮-০৭৭১৯১, ৭৪০-০৮৮৭৮৯
যে সকল ডাক্তারগণ নিয়মিত সেবা প্রদান করছেন :
ডা: মোসা: নুরুন্নাহার বেগম
ডা: অমিত কুমার বিশ্বাস
ডাঃ ইসরাত জেরিন ইভা
ডাঃ বি ডি দাস (পিকলু)
ডা: নাজনীন সুলতানা কনা
এমবিবিএস (ঢাকা), বিসিএস (স্বাস্থ্য), সিসিডি (বারডেম), ডিএমইউ, এ্যানেস্থেসিয়াতে বিশেষ প্রশিক্ষণপ্রাপ্ত, ডিপ্রি: ডিজিও ঢাকা মেডিকেল কলেজ হাসপাতাল। গাইনী ও প্রসূতি বিশেষজ্ঞ।
ডা: মো: আব্দুল আল মারুফ
ডা: আবু সালেহ মোঃ ইমরান
পুষ্টিবিদ: তরিকুল ইসলাম

নিউ এভারকেয়ার নাসিং হোম
চক্রপাড়া মোড়, হুদা হেলথ কেয়ারের ২য় তলা
ওয়াবদা রোড, মেহেরপুর
NEW EVERCARE NURSING HOME
**হট লাইন:** ০১৭৬৩-৬৪৬৬০৩
**ব্যবস্থাপনা পরিচালক:** ০১৭৪৩-৯০৪৩৩৬
**ম্যানেজার (শিমুল):** ০১৩০৪-১৫৬০৮৮৮
**রিসেপশন:** ০১৩০৪-১৫৬০৮৮৮
বিশেষজ্ঞ ডাক্তারবৃন্দ
ডা. সুরাইয়া মারমিন (পুস্প)
এম.বি.বি.এস (ডিএমসি), বি.সি.এস (স্বাস্থ্য) এফ.সি.পি.এস (গাইনী ও অবস), ডি আল্ট্রা প্রসূতি ও নারী রোগ বিশেষজ্ঞ ও সার্জন।
ডা. মোঃ ফজলুর রহমান
এম.বি.বি.এস (স্বাস্থ্য), এম.এস জেনারেল (সার্জারী) , কনসালট্যান্ট (সার্জারী), ২৫০ শয্যা জেনারেল হাসপাতাল, মেহেরপুর।
ডা. পারভীন আখতার
জুনিয়ার কনসালট্যান্ট (গাইনী ও অবস) উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স, আলমডাঙ্গা, চুয়াডাঙ্গা ।
ডা. মোঃ সউদ কবীর
এম.বি.বি.এস, বি.সি.এস (স্বাস্থ্য), ডি-অর্থ (এফপি) ২৫০ শয্যা জেনারেল হাসপাতাল, মেহেরপুর।
ডা. অলোক কুমার দাস
এম.ডি (নোরেল মেডিসিন), রাশিয়া , এম.পি.এইচ (বিডি), বিসিএস (স্বাস্থ্য), এমও বিটি . ২৫০ শয্যা জেনারেল হাসপাতাল, মেহেরপুর ।
**আমাদের সেবাসমূহ**
প্রাইভেট ও সাধারণ রোগী সেবা . প্রসূতি ও নারী স্বাস্থ্য ,
সার্জারি ও সাধারণ চিকিৎসা উন্নত ও বন্ধুত্বপূর্ণ পরিবেশ

নিউ মনা জুয়েলার্স

অলংকার জগতের নির্ভরযোগ্য প্রতিষ্ঠান
সাউদিয়া টাওয়ার, কাঁশারী বাজার, মেহেরপুর।
আধুনিক ডিজাইনের স্বর্ণ, রূপা ও হীরার গহনা।
বিশুদ্ধতা ও গুণগত মানে আপসহীন ও অপ্রতিদ্বন্দ্বি
আস্থার সাথে অলংকার কেনা- বেচার নির্ভরযোগ্য ঠিকানা
প্রোপাইটার : হামিদুল ইসলাম
পরিচালনায় : মোস্তাফিজুর রহমান মনা
যোগাযোগ : ০১৭১৬-৫৭০৮৯৩, ০১৯১৯-৫৭০৮৯৩

বিসমিল্লাহ্ ফামেসী
প্রোঃ মোঃ আমিনুল ইসলাম সেন্টু
সকল প্রকার দেশ-বিদেশী ঔষধ সুলভ মূল্যে খুচরা ও পাইকারী বিক্রেতা
ট্রাফিক মোড় হোটেলবাজার,মেহেরপুর
মোবাইল : ০১৭১৮-৪৩৩৩৮৬

ত্রয়ী স্টোর এন্ড বুটিকস
স্টাইলে থাকুন, ট্র্যাডিশনে ফিরুন!
শাড়ি হোক বা সালোয়ার কামিজ, ওয়েস্টার্ন টপ হোক কিংবা হ্যান্ডলুম কুর্তি–
ত্রয়ী তে পাওয়া যায় ট্র্যাডিশন আর ট্রেন্ডের এক অনন্য মিশেল!
এক্সক্লুসিভ বুটিক পোশাক
হাতে তৈরি দেশি জামাকাপড়
দেশি-বিদেশী কসমেটিকস
কুকারিজ আইটেম
ইউনিক গিফট আইটেম
কাস্টম ডিজাইন ও অর্ডার সুবিধা
ফ্যাশনের সাথে আপনিও বদলান, নিজের মতন স্টাইলে

কেএন সুপার মার্কেট, প্রধান সড়ক, বড়বাজার, মেহেরপুর
মোবাইল: ০১৭১৪-৫২০০৬৭ / ০১৯১৯৬০৩৭৯৫

রাবেয়া মেডিকেল সার্ভিসেস
(কমপ্লিট মেডিকেল সলিউশন অন জেনারেল হাসপাতাল গেট, মেহেরপুর।
যোগাযোগ : রিসিপশন: ০১৭৫৪৯৭৪৪৬৬ সিরিয়াল: ০১৭২৪-৭৮৭৩১৩ ,
মার্কেটিং অফিসার: ০১৩০৪-১০০৩০৭, ০১৩০৪-১০০৩০
ডাঃ মোঃ আলাউদ্দিন আল-আজাদ
ডাঃ বিপুল কুমার বিশ্বাস
ডাঃ মোঃ ইয়ানুর হোসেন
ডাঃ মোঃ আবুল কাশেম
ডাঃ মোঃ এমরানুল ইসলাম (আবির)
ডাঃ মোঃ রোকনুজ্জামান
ডাঃ মোঃ মাহবুবুল আলম (বিপ্লব)
ডাঃ এম এম কবির শাওন
ডাঃ মোঃ আরিফুল ইসলাম
ডাঃ মাহবুবা তাজমিলা
ডাঃ মেহেদী হাসান জনি
ডাঃ মোঃ সফিউল আলম

আল হায়াত ডায়াগনস্টিক সেন্টার
চক্রপাড়া মোড়, হাসপাতাল রোড, মেহেরপুর।।
সিরিয়াল: ০১৭২২-৭৭৯৫৫০, ০১৭৫৫-৭০৬৪৬৪
ডাঃ আসাদুল্লাহ-আল-গালবি
এমবিবিএস, বিসিএস (স্বাস্থ্য) এফসিপিএস- মেডিসিন (ফাইনাল পার্ট) মেডিসিন,ডায়াবেটিস, উচ্চরক্তচাপ, হাপানি, কোমর ব্যথা ও বাত ব্যথা বিষয়ে অভিজ্ঞ মেডিকেল অফিসার : রাজশাহী মেডিকেল কলেজ।
রোগী দেখেন : প্রতি শুক্রবার সকাল ৯টা থেকে বিকাল ৪টা
ডাঃএম. এম. জাহিদুল ইসলাম
উচ্চ রক্তচাপ, বাতব্যাথা, কোমর ব্যাথা, বাতজ্বর ,হাড় ব্যাথা, হাঁপানি. ডায়াবেটিকের ঘা এবং না শুকানো ক্ষত ও পি আর পি চিকিৎসক।
রোগী দেখেন : শনি থেকে বুধবার দুপুর ২টা থেকে সন্ধ্যা ৬টা
ডাঃ আব্দুল্লাহ আল রশিদ
চর্ম ও যৌন রোগে অভিজ্ঞ
এমবিবিএস (শহীদ জিয়াউর রহমান মেডিকেল কলেজ), বিসিএস (স্বাস্থ্য) সিসিডি (বারডেম), সিএমইউ (আল্ট্রা) সহকারী রেজিস্টার, চর্ম ও যৌন বিভাগ কুষ্টিয়া মেডিকেল কলেজ।
রোগী দেখেন : প্রতি সোমবার দুপুর ২.৩০ টা থেকে বিকাল ৫ টা
ডাঃ সাজিয়া আফরিন
গাইনী, প্রসুতি, স্ত্রী রোগের চিকিৎসক ও সার্জন
এমবিবিএস (ডিইউ) সিসিডি (বারডেম) ডিএমইউ (সনোলজি) ডিজিও (কোর্স- গাইনী এন্ড অবস) গাইনী(স্ত্রী রোগ) ও প্রসুতি বিদ্যা চিকিৎসক এবং সার্জন
রোগী দেখেন : প্রতি বৃহস্পতিবার বিকাল ৫ টা থেকে রাত ৮ টা পর্যন্ত,
প্রতি শুক্রবার সকাল ১০ টা থেকে রাত ৮ টা পর্যন্ত

নিউ স্কায়ার ল্যাব
ওয়াবদা মোড়, হাসপাতাল রোড,মেহেরপুর।
সিরিয়ালের জন্য মোবাইল নম্বর : ০১৮৫৮-৯৫৬৯৩৩
ডাঃ মোঃ মাহাফুজুল হক সরকার
মেডিসিন, নিউরো,বক্ষব্যাধি,ডায়াবেটিস,গ্যাসটিলিভার,ব্যাতব্যাথা ও মনোরোগ চিকিৎসক
এমবিবিএস(আরইউ),ডিএফএম(বিসিএমইউ),এফসিপিএস পার্ট- ১, পিজিটি(মেডিসিন), সিসিডি(বারডেম),
রুগী দেখেন : প্রতি শুক্রবার সকাল ৯ টা হইতে সন্ধ্যা ৬ টা পর্যন্ত
ডাঃ মোঃ রবিউল ইসলাম আবির
মেডিসিন, হৃদরোগ, উচ্চ রক্ত চাপ,ব্যাত ব্যাথা, ডায়াবেটিস,লিভার ও জন্ডিস রোগ চিকিৎসক
এমবিবিএস(ঢাকা) সিসিড বারডেম, সিএমইউ(আল্ট্রা)
রুগী দেখেন :প্রতিদিন সকাল ১০ টা হইতে দুপুর ২টা, বিকাল ৩ টে হতে রাত্রী ৮ টা।
ডাঃ তাসমেরী নাহার
স্ত্রী, প্রসুতি ও গাইনী রোগ চিকিৎসক , এমবিবিএস, বিসিএস (স্বাস্থ্য)
রুগী দেখেন : প্রতিদিন বিকাল ৩ টা হইতে রাত্রী ৮ টা।
ডাঃ মোঃ মঞ্জুরুল হাসান
মেডিসিন, বাত ব্যথা, মাথা ব্যথা, বক্ষব্যাধি, হাত-পা জ্বালাপোড়া, চর্ম ও যৌন রোগের চিকিৎসক
এমবিবিএস, বিসিএস (স্বাস্থ্য), মেডিকেল অফিসার
রুগী দেখেন: প্রতিদিন বিকাল ৩ টা হইতে রাত্রী ৮ টা।
ডাঃ ফরহাদ পারভেজ
মেডিসিন, বাতজ্বর,উচ্চ রক্তচাপ, ব্যাত ব্যাথা রোগের চিকিৎসক
নি:সন্তান, বন্ধ্যাত্ব,গর্ভকালীন বিভিন্ন সমস্যা, শিশু ও গাইনী রোগের চিকিৎসক
রুগী দেখেন: প্রতিদিন বিকাল ৩ টা হইতে রাত্রী ৮ টা।

হৃদয়ে লাল সবুজ
# আমাদের সূর্যোদয়
মেহেরপুর, রোববার, ১২ অক্টোবর ২০২৫ ইং

## দেশীয় মাছ চাষে মেহেরপুরের অগ্রযাত্রা

বাংলাদেশের গ্রামীণ অর্থনীতিতে মৎস্য খাত বরাবরই একটি গুরুত্বপূর্ণ স্তম্ভ। সাম্প্রতিক সময়ে মেহেরপুরে দেশীয় প্রজাতির মাছের বাণিজ্যিক চাষে যে ইতিবাচক অগ্রগতি লক্ষ্য করা যাচ্ছে, তা নিঃসন্দেহে আশাব্যঞ্জক। কৃত্রিম প্রজনন প্রযুক্তির উন্নয়ন, পরিবেশবান্ধব চাষ পদ্ধতি ও স্থানীয় চাহিদার বৃদ্ধি এই খাতকে আরও গতিশীল করে তুলেছে। দেশীয় প্রজাতির মাছ যেমন শিং, মাগুর, কৈ, টেংরা ও পুঁটি এদের স্বাদ ও পুষ্টিগুণ অনন্য। তাছাড়া এই মাছগুলোর চাষে রাসায়নিক ও ওষুধের ব্যবহার কম হওয়ায় এগুলো স্বাস্থ্যসম্মত এবং ভোক্তাবান্ধব। ফলে ক্রেতাদের আস্থাও দ্রুত বাড়ছে। শাহিন মল্লিকের মতো উদ্যোক্তারা যখন নিজস্ব উদ্যোগে কোটি টাকার মাছ উৎপাদন করছেন, তখন বোঝা যায় এই খাত কেবল ব্যক্তিগত আয় নয়, সামগ্রিক অর্থনীতিরও প্রাণশক্তি হয়ে উঠছে। মৎস্য বিভাগের পরিসংখ্যান অনুযায়ী, বর্তমানে মেহেরপুরে ১৯ জন চাষি বাণিজ্যিকভাবে দেশীয় মাছ চাষ করছেন। যদিও সংখ্যা এখনও সীমিত, তবে এটি একটি সম্ভাবনাময় সূচনা। সরকারি সহায়তা, প্রশিক্ষণ ও প্রযুক্তিগত পরামর্শ আরও বাড়ানো গেলে এই সংখ্যা দ্রুত বৃদ্ধি পাবে। একই সঙ্গে স্থানীয় পর্যায়ে ফিড উৎপাদন, পোনা সরবরাহ ও বিপণন ব্যবস্থার উন্নয়ন ঘটলে উৎপাদন খরচ কমবে এবং লাভজনকতা বাড়বে। তবে, মাছের খাদ্যের দাম বৃদ্ধি, বাজার ব্যবস্থাপনার অনিশ্চয়তা ও হ্যাচারির সীমাবদ্ধতা এখনো বড় চ্যালেঞ্জ। তাই নীতিনির্ধারকদের উচিত হবে ক্ষুদ্র ও মাঝারি চাষিদের জন্য সহজ ঋণপ্রদান, খাদ্য ও পোনা সরবরাহে ভর্তুকি, এবং বাজারে ন্যায্য মূল্য নিশ্চিত করা। দেশীয় মাছ শুধু খাদ্য নয়, এটি আমাদের ঐতিহ্য, পুষ্টির উৎস এবং জীববৈচিত্র্যের প্রতীক। মেহেরপুরের উদ্যোগ সারা দেশের জন্য এক অনুকরণীয় উদাহরণ হতে পারে। সরকারি ও বেসরকারি অংশীদারিত্বে এই চাষ পদ্ধতির সম্প্রসারণ ঘটলে, বাংলাদেশ আবারও "মাছে-ভাতে বাঙালি" ঐতিহ্যে নবজাগরণ দেখতে পাবে।

## ডিম উৎপাদনের রেকর্ড কিন্তু উদ্যোক্তার সংকট কি কাটছে?

লাবীবা আরজুমান্দ



বাংলাদেশে ডিম উৎপাদন এখন এক নতুন উচ্চতায় পৌঁছেছে। পরিসংখ্যান বলছে, বছরে দেশের প্রয়োজনীয় ১৮৫ কোটি ডিমের চাহিদার বাইরে ৫৯.৬৫ কোটি ডিমের অতিরিক্ত উৎপাদন হচ্ছে। ফলস্বরূপ, দশ বছরের মধ্যে ব্যক্তি প্রতি ডিমের সরবরাহ বেড়েছে ৩৫ থেকে ১৩৭ এ, যা খাদ্য নিরাপত্তার জন্য একটি বড় অগ্রগতি। এই উন্নয়নের মূল কৃতিত্ব স্বয়ংক্রিয়ভাবে বড় কমার্শিয়াল ফার্মের চেয়ে গ্রামীণ ও ছোট উদ্যোক্তাদের অবদান বেশি উল্লেখযোগ্য। যেখানে মেহেরপুরের মতো জেলা রয়েছে এই পরিবর্তনের কেন্দ্রবিন্দুতে। মেহেরপুরের সদর উপজেলার বিভিন্ন গ্রামে ছোট পোল্ট্রি ফার্মগুলো স্থানীয় অর্থনীতির একটি গুরুত্বপূর্ণ অংশে পরিণত হয়েছে। স্থানীয় উদ্যোক্তারা কম খরচে উৎপাদন বৃদ্ধি ও বাজারজাতকরণে দক্ষতা অর্জন করেছেন। জেলা প্রাণিসম্পদ অফিসের তথ্য অনুযায়ী, মেহেরপুরে পোল্ট্রি ফার্মের সংখ্যা উল্লেখযোগ্য বৃদ্ধি পেয়েছে, যা স্থানীয় কর্মসংস্থান ও খাদ্য নিরাপত্তায় গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করছে। তবে এই সুখবরের সঙ্গে বড় উদ্বেগও জড়িয়ে আছে। উৎপাদন বাড়লেও ছোট চাষীরা এখন কঠিন প্রতিযোগিতা ও আর্থিক চাপে পড়ে আছে। একদিকে খাদ্য ও চিকিৎসা খরচের ক্রমবর্ধমান দাম, অন্যদিকে ডিমের ন্যায্য বাজারমূল্য না থাকাড় এগুলো মিলিয়ে অনেক ফার্ম বন্ধ হয়ে যাচ্ছে। কোভিড-১৯ মহামারীর পর, প্রায় ৩০% ফার্ম বন্ধ হয়েছে; গত বছরে আরও ২০-২৫% ফার্ম চাপে পড়েছে। এভাবে উৎপাদনের পরিমাণ বৃদ্ধি হলেও কৃষকের জীবনযাত্রা এখনও অনিশ্চিত আর কৃষকের সুরক্ষা ছাড়া টেকসই উন্নয়ন সম্ভব নয়। তাছাড়া বাংলাদেশ এগারশ' ডিম উৎপাদন বাড়ানোর লক্ষ্য নির্ধারণ করেছে। ২০৩১ সালের মধ্যে ব্যক্তিপ্রতি সরবরাহ ১৬৫ এবং ২০৪১ সালের মধ্যে ২০৮ ডিমে উন্নীত করা হবে।

কিন্তু বিশেষজ্ঞরা সতর্ক করছেন যে, শুধু উৎপাদন বাড়ানো যথেষ্ট নয়। বাজার নিয়ন্ত্রণ, খরচ নিয়ন্ত্রণ, ন্যায্য মূল্য নিশ্চিত করা এবং ছোট চাষীদের রক্ষা এসবই দীর্ঘমেয়াদে ডিম শিল্পকে টেকসই রাখার মূল চাবিকাঠি।

বাংলাদেশে ৫০,০০০-এর বেশি নিবন্ধিত ও অনিবন্ধিত ফার্মের মধ্যে মাত্র ১০-১২% কর্পোরেট ফার্ম; বাকি ছোট উদ্যোক্তা। তাদের বড় ঝুঁকি নিয়ন্ত্রণ না করলে উৎপাদনের স্বচ্ছতা ও দেশের খাদ্য নিরাপত্তার স্বপ্ন শুধু স্বপ্নেই রয়ে যাবে। নীতি সহায়তা, কৃষক সুরক্ষা এবং বাজার নিয়ন্ত্রণের অভাবে এই শিল্পের উত্থান কেবল যেন সংখ্যা বাড়িয়েই সীমাবদ্ধ না থাকে সেদিকে দৃষ্টিপাত অপরিহার্য। কেননা দীর্ঘমেয়াদে শিল্পের স্থায়িত্ব নিশ্চিত করতে হলে উৎপাদন, বাজার এবং কৃষক এই তিনটি স্তরই সমানভাবে গুরুত্বপূর্ণ। (বাংলাদেশ ইউনিভার্সিটি অব প্রফেশনালস (বিইউপি), ঢাকা)

# কুরআন অবমাননার শাস্তি

ইবরাহীম আল খলীল

মানব জাতির হেদায়েতের জন্য মহান আল্লাহতায়ালা পবিত্র কুরআন নাজিল করেছেন। তাতে রয়েছে মানব জীবনের সব সমস্যার সমাধান। কুরআন হলো পূর্ণাঙ্গ একটি জীবনব্যবস্থা। যা আলোর পথ দেখায়। ভালোর পথ দেখায়। একজন মুমিনের জন্য এ কুরআনের প্রতিটি বিধান যেমন মানা জরুরি, তেমনিভাবে তার প্রতি সম্মান জানানোও জরুরি। কারণ তা মহান আল্লাহতায়ালার বাণী। এই কুরআনের অবমাননা বা অসম্মান করার সাধ্য কারও নেই। কুরআন অবমাননাকারীদের জন্য দুনিয়া ও আখিরাতে চরম দুর্ভোগ ও ভয়াবহ শাস্তির ঘোষণা দিয়েছেন আল্লাহতায়ালা। এরশাদ হয়েছে, 'দুর্ভোগ প্রত্যেক ঘোর মিথ্যাবাদী মহাপাপীর, যে আল্লাহর আয়াতের আবৃত্তি শোনে অথচ ঔদ্ধত্যের সঙ্গে (নিজ মতবাদের ওপর) অটল থাকে। যেন সে তা শোনেইনি। সুতরাং ওকে মর্মন্তুদ শাস্তির সুসংবাদ দাও।' কেউ কুরআনের প্রতি প্রচণ্ড বিদ্বেষ নিয়ে বা অন্য যে কোনোভাবে কুরআন অবমাননা কিংবা তুচ্ছ-তাচ্ছিল্য করলে সে ইসলামের গণ্ডি থেকে বেরিয়ে যায়। ইসলামি শরিয়তের ভাষায় তাকে মুরতাদ বলা হবে। এজন্য কারও কুরআন অবমাননার মতো জঘন্য অপরাধের কোনো সুযোগ নেই। আল্লাহতায়ালা ঘোষণা করেছেন, যারা আল্লাহ ও তার রাসূলের বিরুদ্ধে দুশমনিতে লিপ্ত হয় এবং পৃথিবীতে অশান্তি ও বিপর্যয় সৃষ্টির পাঁয়তারা করে, তাদের শাস্তি শুধু মৃত্যুদণ্ড, শূলবিদ্ধ করে হত্যা কিংবা হাত পা বিপরীত দিক থেকে কেটে ফেলা অথবা নির্বাসিত করা (কারাগারে নিক্ষেপ করা)। এ তো হলো তাদের পার্থিব অপমান। আর পরকালেও তাদের জন্য অপেক্ষা করছে মর্মন্তুদ শাস্তি। কুরআন অবমাননা করা মানে আল্লাহকে অবমাননা করা। আর যে ব্যক্তি আল্লাহ ও কুরআনকে অবননা করল দুনিয়াতে এবং আখেরাতে তার জন্য রয়েছে দুঃসংবাদ। আল্লাহ আমাদের সবাইকে হেফাজত করুন, আমিন।

## অনলাইন জুয়ার অন্যতম হোতা লিপু

(প্রথম পৃষ্ঠার পর)

পরিচালনা করে বিপুল পরিমাণ অর্থ হাতিয়ে নিচ্ছিল বলে অভিযোগ রয়েছে। গোপন সংবাদের ভিত্তিতে তাদের অবস্থান শনাক্ত করে অভিযান চালানো হয়। অভিযানের সময় তাদের কাছ থেকে অনলাইন জুয়া পরিচালনায় ব্যবহৃত ১৬টি মোবাইল ফোন ও ৩টি ল্যাপটপ জব্দ করা হয়েছে। এসব ডিভাইস পরীক্ষা করে চক্রটির অন্যান্য সদস্যদের শনাক্তের চেষ্টা চলছে বলে পুলিশ জানিয়েছে। পুলিশ সুপার মনিরুল ইসলাম জানান, এই চক্রের মূল কেন্দ্র মেহেরপুরে হলেও তাদের কার্যক্রম দেশের বিভিন্ন জেলায় বিস্তৃত ছিল। তিনি আরও বলেন, গ্রেপ্তারকৃতদের বিরুদ্ধে ডিজিটাল নিরাপত্তা আইন ও জুয়া আইনে মামলা দায়েরের প্রস্তুতি চলছে। মেহেরপুরের স্থানীয়রা বলছে, রশেদুল আলম লিপু গাজী অনলাইন জুয়ার অন্যতম মাস্টার মাইন্ড। সে এর আগেও অনলাইন জুয়ার মুল হোতা নবাবের সাথে ধরা পড়েছিলো। তবে অনলাইন জুয়া থেকে বিপুল পরিমান কালো টাকার মালিক হওয়ায় আইন কে তোয়াক্কা করেনা। আটক হলেও আইনের বিভিন্ন ফাক ফোকর দিয়ে বের হয়ে আসে। সে তার গ্রামে আলিসান বাগান বাড়ি। একাধিক দামি দামি গাড়ি সহ আলিসান জীবন যাপন করে । তার হাত ধরে মেহেরপুরের একাধিক যুবক অনলাইন জুয়ায় এজেন্ট নিয়েছে। এসব এজেন্টরা কালো টাকার পাহাড় গড়লেও জুয়ায় আসক্ত হয়ে সর্বস্বান্ত হচ্ছে সাধারণ মানুষ। আগে মুজিবনগর উপজেলার মহাজনপুর ইউনিয়ন ও মোনাখালী ইউনিয়নে মধ্যে অনলাইন জুয়ার এজেন্টদের দেখা মিললেও এখন তারা কৌশল পরিবর্তন করে শহরের প্রভাবশালী ছেলেদের অনলাইন জুয়ার এজেন্ট হতে প্রলুব্ধ করছে।

## চুয়াডাঙ্গা বাসচাপায় মোটরসাইকেল

(প্রথম পৃষ্টার পর)

অপর আরোহী তুহিনসহ ৩ জন আহত হন। আহতদের উদ্ধার করে প্রথমে বিজিবি হাসপাতাল ও পরে চুয়াডাঙ্গা সদর হাসপাতালে ভর্তি করা হয়েছে।

চুয়াডাঙ্গা থানার ওসি খালিদ হোসেন বলেন, দুর্ঘটনার পরপরই বাসের চালক ও হেলপার পালিয়ে গেছে। নিহতের সুরতহাল রিপোর্ট তৈরি করা হচ্ছে।

## সূর্য ক্লাব কনসার্টে নিজস্ব সিলে

(প্রথম পৃষ্টার পর)

দেওয়ার অনিয়ম নিয়ে প্রশ্নের উত্তরে তিনি সাংবাদিকদের গত শুক্রবার জানিয়েছিলেন, আমি সূর্য ক্লাব কনসার্টের আয়োজক কমিটির প্রধান হিসেবে দায়িত্ব পালন করেছি। আমরা ৭ তারিখ প্রশাসনিক অনুমতি পেয়ে ৯ তারিখে কনসার্ট করলাম। এক দিনের ব্যবধানে কনসার্ট অনুষ্ঠান তোলাটা খুবই কষ্টসাধ্য ছিল। এজন্য আমি আমার সহকর্মীদের সহযোগিতা চেয়েছিলাম। আগামীতে জেমসের কনসার্ট অনুষ্ঠানে এই তিক্ত অভিজ্ঞতা কাজে লাগবে। সূর্য ক্লাবের সাথে গুরু জেমসের এখনো ছয় মাসের চুক্তি আছে। এই ছয় মাসের মধ্যে গুরু জেমস মেহেরপুরে গান করতে আসবেন। আর সূর্য ক্লাব কোন সাংবাদিকের ব্যাক্তিগত কার্ড দেওয়ার দায়ীত্বে থাকলে সেটা তাদের ব্যাপার।" সূর্য ক্লাবের সভাপতি নাহিদ মাহবুব সানি বলেন, "আবু আক্তার করণ ক্লাবের কেউ নয়। তিনি সম্মতি ছাড়া নিজের সিল ব্যবহার ভিআইপি পাস বিক্রি করেছেন। এটি অপরাধ। কারণ দর্শানোর নোটিশ দেওয়া হয়েছে। সন্তোষজনক জবাব না দিলে প্রয়োজনীয় ব্যবস্থা নেওয়া হবে এবং মামলা করা হবে।"

## মুজিবনগরে শিক্ষক নেতা জাকির

(প্রথম পৃষ্টার পর)

করছে। জনগণ যেমন ফ্যাসিবাদের পতন ঘটিয়েছে, ঠিক তেমন করে যেকোনো ষড়যন্ত্রও নস্যাৎ করে দেবে।" তিনি আরও বলেন, "মেহেরপুরের মানুষ নানা সমস্যায় জর্জরিত। মানুষের জন্য কর্মসংস্থান নেই। বাংলাদেশ জাতীয়তাবাদ দল ক্ষমতায় এলে বেকারত্ব নিরসনে কার্যকর পদক্ষেপ নেওয়া হবে।" জাকির হোসেন দাবি করেন, "মেহেরপুরের অসংখ্য মেধাবী সন্তান ঘুষ দিতে না পারায় চাকরি পাচ্ছে না। আগামীতে ঘুষ ও দূর্নীতির বিরুদ্ধে সামাজিক আন্দোলন গড়ে তোলা হবে।"

## ট্রাম্প প্রশাসনে সরকারি কর্মী ছাঁটাই

(প্রথম পৃষ্টার পর)

অনুযায়ী, সরকারি কর্মীদের ছাঁটাইয়ের কমপক্ষে ৩০ দিন আগে নোটিশ দেওয়া বাধ্যতামূলক। এই নোটিশ ট্রেজারি বিভাগ, স্বাস্থ্য ও মানবসেবা বিভাগ, হোমল্যান্ড সিকিউরিটি ও অন্যান্য সংস্থায় দেওয়া হচ্ছে। হোমল্যান্ড সিকিউরিটি জানায়, তাদের সাইবারসিকিউরিটি ও ইনফ্রাস্ট্রাকচার সিকিউরিটি এজেন্সিতেও ছাঁটাই হবে, যদিও অনেক কর্মী 'অত্যাবশ্যকীয়' হিসেবে বিবেচিত। দুটি বড় শ্রমিক ইউনিয়ন আমেরিকান ফেডারেশন অব গভর্নমেন্ট এমপ্লয়িস (এএফজিই) ও এএফএল-সিআইও এই সিদ্ধান্তের বৈধতা চ্যালেঞ্জ করে ক্যালিফোর্নিয়ার আদালতে স্থগিতাদেশের আবেদন করেছে। এএফজিই সভাপতি এভারেট কেলি বলেন, "সরকারি অচলাবস্থাকে অজুহাত হিসেবে ব্যবহার করে গুরুত্বপূর্ণ সেবা প্রদানকারী হাজারো কর্মীকে অবৈধভাবে চাকরিচ্যুত করা লজ্জাজনক।" সরকারি নথি অনুযায়ী, ট্রেজারি বিভাগে প্রায় ১,৪৪৬, স্বাস্থ্য ও মানবসেবা বিভাগে ১,১০০,২০০, শিক্ষা ও আবাসন বিভাগে কমপক্ষে ৪০০, বাণিজ্য, জ্বালানি ও হোমল্যান্ড সিকিউরিটি বিভাগে ১৭৬৩১৫ এবং পরিবেশ সুরক্ষা সংস্থায় ২০৩০ কর্মীকে নোটিশ দেওয়া হয়েছে। এছাড়া, সরকারি অচলাবস্থার কারণে বর্তমানে ৭,৫০,০০০ ফেডারেল কর্মী প্রভাবিত হয়েছেন, যা মোট সরকারি কর্মীবাহিনীর প্রায় ৪০ ভাগ। অতীতে এমন পরিস্থিতিতে বকেয়া বেতন নিশ্চিত থাকলেও এবার ট্রাম্প প্রশাসন ইঙ্গিত দিয়েছেন, তা দেওয়া নাও হতে পারে। ট্রাম্প প্রশাসন জানুয়ারি থেকে ফের ক্ষমতায় আসার পর থেকে ছাঁটাই, স্বেচ্ছাবিদায়, প্রশাসনিক ছুটি ও পদত্যাগ মিলিয়ে প্রায় দুই লাখ কর্মী কমিয়েছে। চ্যালেঞ্জার, গ্রে অ্যান্ড ক্রিসমাসের তথ্য অনুযায়ী, এ বছরের সরকারি খাতে ২,৯৯,৭৫৫ চাকরি বাতিলের ঘোষণা দেওয়া হয়েছে, যার মধ্যে প্রায় ২,৮৯,৩৬৩ জন ফেডারেল কর্মী প্রভাবিত হয়েছেন। ডেমোক্র্যাটরা অভিযোগ করেছেন, এই পদক্ষেপ ইচ্ছাকৃত বিশৃঙ্খলা সৃষ্টি করছে। রিপাবলিকানরা পাল্টা দাবি করেছেন, সরকার বন্ধ হওয়ার জন্য দায়ী ডেমোক্র্যাটরাই।

## বিভিন্ন দাবিতে শিক্ষকদের মানববন্ধন

(প্রথম পৃষ্টার পর)

সেক্রেটারি হাসানুজ্জামান, সদর উপজেলা সেক্রেটারি আইয়ুব আলী, গাংনী উপজেলা সভাপতি মমিনুজ্জামান, সদর উপজেলা মাদরাসা পরিষদের সেক্রেটারি মোহাম্মদ আলী লালটু, কিন্ডারগার্টেন শিক্ষক পরিষদের সভাপতি সৈয়দ মনজুরুল হাসান টুটুল, কলেজ শিক্ষক পরিষদ গাংনী উপজেলা সভাপতি মনোয়ার হোসেন, কারিগরি শিক্ষক পরিষদ জেলা সভাপতি আরিফুল ইসলাম, পৌর শাখা সভাপতি আমজাদ হোসেন, কলেজ শিক্ষক পরিষদের রফিকুল ইসলাম, আদর্শ শিক্ষক ফেডারেশনের মোখলেসুর রহমান, মাদরাসা শিক্ষক পরিষদের মোহাম্মদ সালেমন, মাধ্যমিক শিক্ষক পরিষদের সেক্রেটারি আব্দুর জব্বার ও করমদি কলেজের অধ্যক্ষ ড. এমদাদুল হকসহ বিভিন্ন অঞ্চলের শিক্ষক নেতৃবৃন্দ। বক্তারা বলেন, এমপিওভুক্ত শিক্ষক-কর্মচারীরা দীর্ঘদিন ধরে ন্যায্য প্রাপ্য থেকে বঞ্চিত। তারা দ্রুত ৪৫ শতাংশ বাড়ি ভাড়া ভাতা, ১০০ শতাংশ বোনাস, ১ হাজার ৫০০ টাকা চিকিৎসা ভাতা, অবসরকালীন ভাতা ও কল্যাণ তহবিলের পাওনা পরিশোধের দাবি জানান। একই সঙ্গে বেতন-ভাতা দ্রুত প্রদানেরও আহ্বান জানান।

বক্তারা আরও বলেন, শিক্ষকরা দেশের মেধা ও নৈতিকতার ভীত গড়ে তোলেন। অথচ তাদের ন্যায্য দাবিগুলো বছরের পর বছর উপেক্ষিত। তাই এমপিওভুক্ত শিক্ষক-কর্মচারীদের যৌক্তিক দাবি দ্রুত বাস্তবায়নের মাধ্যমে সরকারের প্রতি তাদের বঞ্চনা দূর করার আহ্বান জানান বক্তারা।

## কুষ্টিয়া জেনারেল হাসপাতাল পুকুরে

(প্রথম পৃষ্টার পর)

ইমাম বলেন, মেয়েটির শরীরে আঘাতের কোনো চিহ্ন নেই। প্রাথমিকভাবে মনে হচ্ছে এটি আত্মহত্যা। ময়না তদন্তের রিপোর্টের পর মৃত্যুর সঠিক কারণ জানা যাবে। নিহতের স্বামী নাহিদ ইসলাম বলেন, 'সুমি আমার সঙ্গে থাকতো না। কোথায় থাকতো তাও জানি না। তবে গতকাল (শুক্রবার) আমাকে কল করেছিল। ফোন কলে সে জানায়, তুহিন, বিল্টু ও গঞ্জের নামে তিন ব্যক্তি তাকে মেরে ফেলার জন্য খুঁজে বেড়াচ্ছে। গঞ্জেরের কাছে তার মেয়ে আছে। এই নিয়ে কোনো ঝামেলা আছে'। কুষ্টিয়া মডেল থানার ওসি (তদন্ত) আব্দুল আজিজ জানান, স্থানীয়দের দেওয়া খবরে ঘটনাস্থল থেকে লাশ উদ্ধার করে মর্গে পাঠানো হয়েছে। এসময় একটি বাটন মোবাইল ও একজোড়া স্যান্ডেল উদ্ধার করা হয়েছে। এটি দুর্ঘটনা নাকি হত্যাকান্ড তা প্রাথমিকভাবে নিশ্চিত হওয়া যাচ্ছে না। ঘটনাটি তদন্ত করছে কুষ্টিয়া মডেল থানা পুলিশ।

## গাংনীতে ছেলের শাবলের আঘাতে

(প্রথম পৃষ্টার পর)

ছেলে। স্থানীয়রা জানা, সকালে পারিবারিক কলহের জেরে ছেলে শবির হোসেন তার বাবাকে শাবল দিয়ে হামলা করে। এতে রবিউল ইসলাম গুরুতর জখম হন। পরে পরিবারের সদস্যরা তাকে উদ্ধার করে গাংনী উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে ভর্তিকরে। তার অবস্থা অবনতি হলে স্বাস্থ্য কমপ্লেক্সের কর্তব্যরত চিকিৎসক ডা. ফারুক হোসেন কুষ্টিয়া জেনারেল হাসপাতালে রেফার্ড করে। আহত রবিউল ইসলাম বলেন, "তিনবার জমি বিক্রি করে আমি ছেলেকে প্রবাসে পাঠিয়েছি। কিন্তু সে কোনো কাজ করতে পারেনি। এখন আবার ইতালি যাওয়ার জন্য আমার কাছে টাকা চায়। আমি টাকা দিতে রাজি না হওয়ায় সে সকালে হত্যার উদ্দেশ্যে আমাকে শাবল দিয়ে আঘাত করে হাত ভেঙে দেয়।" রবিউলের স্ত্রী আরিছন বেগম বলেন, "কোনো কথা না বলেই শবির শাবল দিয়ে আমার স্বামীর শরীরে এলোপাতাড়ি আঘাত করে। এতে তার ডান হাত গুঁড়িয়ে যায়।" অভিযুক্ত ছেলে শবির হোসেন বলেন, "আমি বিদেশে যেতে জমি বিক্রি করতে চেয়েছিলাম। বাবা বাধা দেয়। এ নিয়ে ঝগড়ার সময় রাগের মাথায় তাকে আঘাত করেছি।" এ বিষয়ে গাংনী থানার ওসি (তদন্ত) আব্দুল্লাহ আল মামুন বলেন, "এ ঘটনায় এখনো কোনো লিখিত অভিযোগ পাইনি। অভিযোগ পেলে দ্রুত ব্যবস্থা নেওয়া হবে। রবিউল ইসলামের আগের একটি অভিযোগের তদন্ত চলমান আছে।"

## বাংলাদেশ-শ্রীলঙ্কায় তরল গ্যাস আনা

(প্রথম পৃষ্টার পর)

নিষেধাজ্ঞার লক্ষ্য হলো ইরানের আর্থিক প্রবাহ সীমিত করা এবং যুক্তরাষ্ট্র কর্তৃক সন্ত্রাসী হিসেবে চিহ্নিত গোষ্ঠীর অর্থায়ন বন্ধ করা। নিষেধাজ্ঞার তালিকায় স্থান পেয়েছে সংযুক্ত আরব আমিরাতভিত্তিক দুটি প্রতিষ্ঠানড়গ্লোগাল এনার্জি ডিএমসিসি এবং মারকান হোয়াইট ট্রেডিং ক্রুড অয়েল অ্যাবরোড কোম্পানি এলএলসি। এদের মাধ্যমে ২০২৪ সাল থেকে দক্ষিণ এশিয়ায় ইরানি এলপিজি চালান পাঠানো হয়েছে, যা শেষ পর্যন্ত বাংলাদেশের ও শ্রীলঙ্কার ব্যবহারকারীদের কাছে পৌঁছেছে। মার্কিন অর্থ বিভাগের তথ্যানুযায়ী, ২০২৫ সালের শুরুতে পানামার পতাকাবাহী জাহাজ 'গ্যাস ডিওর' বাংলাদেশে ১৭ হাজার টনেরও বেশি এলপিজি সরবরাহ করেছিল। এছাড়া, ২০২৪ সালের শেষ দিকে কোমোরোস পতাকাবাহী জাহাজ 'আদা' (আগের নাম ক্যাপ্টেন নিকোলাস) বাংলাদেশের ক্রেতাদের কাছে এলপিজি পৌঁছে দেয়। একটি ছোট জাহাজ 'বিএলপিজি সোফিয়া' চট্টগ্রাম বন্দরের বহির্নোঙরে ৩৪ হাজার টন এলপিজি খালাসের সময় আগুন লেগেছিল। আইনি জটিলতার কারণে কয়েক মাস আটকে থাকার পর চলতি বছরের ৫ সেপ্টেম্বর পুনরায় গ্যাস স্থানান্তরের অনুমতি পেয়েছে। বর্তমানে এই জাহাজ চট্টগ্রাম বন্দরে নোঙর করা আছে। মার্কিন ট্রেজারি সেক্রেটারি স্কট বেসেন্ট বলেছেন, এই নিষেধাজ্ঞার উদ্দেশ্য হলো "ইরানের জ্বালানি রফতানি কার্যক্রম দুর্বল করা" এবং ওয়াশিংটনের সর্বোচ্চ অর্থনৈতিক চাপ নীতির ধারাবাহিক অংশ হিসেবে এই পদক্ষেপ নেওয়া হয়েছে।

## দিনব্যাপী বিএনপির বিনামূল্যে

(প্রথম পৃষ্টার পর)

টা পর্যন্ত শোলমারি প্রাথমিক বিদ্যালয় প্রাঙ্গণে এই মেডিকেল ক্যাম্প অনুষ্ঠিত হয়।

কুস্টিয়া ল্যাব কেয়ার-এর যৌথ ব্যবস্থাপনায় আয়োজিত এই ক্যাম্পে ২২ জন বিশেষজ্ঞ চিকিৎসক প্রায় দেড় হাজার সাধারণ মানুষের চিকিৎসা সেবা প্রদান করেন। এছাড়াও প্রাথমিক ও প্রয়োজনীয় ওষুধও বিনামূল্যে বিতরণ করা হয়।মেডিকেল ক্যাম্পের প্রধান সমন্বয়ক ও ল্যাব কেয়ারের চেয়ারম্যান ডা: সজিবুল হক বলেন, 'এই ক্যাম্পের আয়োজন করেছেন জেলা বিএনপির সাধারণ সম্পাদক কামরুল হাসান। তিনি ব্যক্তিগতভাবে শহর সহ বিভিন্ন ইউনিয়নে প্রতি সপ্তাহে এ ধরনের সেবামূলক কর্মকাণ্ড পরিচালনা করে যাচ্ছেন।" তিনি আরও জানান, 'এই মেডিকেল ক্যাম্পে প্রায় দেড়- দুই হাজার মানুষকে চিকিৎসা সেবা দেওয়ার লক্ষ্যে আমরা কাজ করছি। মেহেরপুর জেলা বিএনপির সাধারণ সম্পাদক কামরুল হাসান বলেন, "বাংলাদেশ জাতীয়তাবাদী দল বিএনপির ভারপ্রাপ্ত চেয়ারম্যান তারেক রহমানের নির্দেশে স্বাস্থ্যসেবা সাধারণ মানুষের দোরগোড়ায় পৌঁছে দিতে এই উদ্যোগ নেওয়া হয়েছে।" তিনি আরও বলেন, বিএনপি সবসময় মানুষের পাশে ছিল, আছে এবং ভবিষ্যতেও থাকবে। সাধারণ জনগণের কল্যাণে এ ধরনের মানবিক কার্যক্রম অব্যাহত থাকবে। এ সময় সেখানে উপস্থিত ছিলেন সদর উপজেলা বিএনপির সভাপতি অধ্যাপক ফয়েজ মোহাম্মদ সাধারণ সম্পাদক শাহিদুল ইসলাম সাংগঠনিক সম্পাদক ওমর ফারুক লিটন ও সাংগঠনিক সম্পাদক রোমানা আহমেদ, বাংলাদেশ শিক্ষক-কর্মচারী ঐক্যজোটের মহাসচিব জাকির হোসেন, জেলা বিএনপির সাবেক সদস্য ইলিয়াস হোসেন আনসারুল হক আলমগীর খান সাতু প্রমুখ।

## আওয়ামী লীগের বিচার চেয়ে এবার

(প্রথম পৃষ্টার পর)

বিরুদ্ধে মামলা দায়েরের প্রক্রিয়া ও আইনি করণীয় নিয়ে আলোচনা হয়। প্রসিকিউশনের ওই সদস্য জানিয়েছেন, সংগঠন হিসেবে আওয়ামী লীগের বিরুদ্ধে ইতোমধ্যেই একটি তদন্ত কার্যক্রম শুরু হয়েছে। আগেই অন্য একটি রাজনৈতিক দল অভিযোগ দেওয়ায় ট্রাইব্যুনালের পক্ষ থেকে তদন্ত কর্মকর্তা নিয়োগ দেওয়া হয়েছে। এনসিপিও যদি আনুষ্ঠানিকভাবে অভিযোগ দেয়, তবে সেটি চলমান তদন্তের সঙ্গে একীভূত হয়ে আরও জোরালো হবে। তিনি আরও বলেন, "এ বিষয়ে সংক্ষুব্ধ যে কেউ ট্রাইব্যুনালে অভিযোগ দিতে পারেন। শহীদ পরিবার বা ক্ষতিগ্রস্ত ব্যক্তিরাও সরাসরি অভিযোগ করতে পারবেন। এনসিপি অভিযোগ দিলে প্রসিকিউশন পক্ষ থেকে সহযোগিতা করা হবে।" এর আগে গত ৭ অক্টোবর ট্রাইব্যুনালের চিফ প্রসিকিউটর মোহাম্মদ তাজুল ইসলাম সাংবাদিকদের বলেন, দল হিসেবে আওয়ামী লীগের বিরুদ্ধে প্রাথমিক তদন্ত শুরু হয়েছে। তিনি জানান, "এনডিএম নামের একটি দল আগেই অভিযোগ দিয়েছে। সেই অভিযোগের ভিত্তিতে তদন্ত চলছে। তদন্তের পরিধি আরও বাড়ানো হতে পারে।" ২০২৪ সালের ২ অক্টোবর জাতীয়তাবাদী গণতান্ত্রিক আন্দোলনের (এনডিএম) চেয়ারম্যান ববি হাজ্জাজ আওয়ামী লীগ ও ১৪ দলীয় জোটের বিরুদ্ধে গণহত্যার অভিযোগে ট্রাইব্যুনালে আবেদন করেছিলেন। সেই অভিযোগে বলা হয়, জুলাই-আগস্টের গণঅভ্যুত্থান দমনে আওয়ামী লীগ ও এর শরিকরা "সরাসরি হুকুমদাতা" হিসেবে হত্যাযজ্ঞ চালিয়েছে। অভিযুক্ত দলগুলোর মধ্যে আওয়ামী লীগের পাশাপাশি সাম্যবাদী দল, জাসদ (ইনু), ওয়ার্কার্স পার্টি (মেনন), বাসদ, ন্যাপ, গণতন্ত্রী পার্টি, তরিকত ফেডারেশনসহ ১৪ দলের শরিক দলগুলোর নামও রয়েছে। এনসিপির আহ্বায়ক নাহিদ ইসলাম বলেন, "আওয়ামী লীগকে কেবল নির্বাহী আদেশে নিষিদ্ধ করা যথেষ্ট নয়। কারণ তাদের অপরাধ রাজনৈতিকভাবে সংঘটিত। জনগণের বিরুদ্ধে গণহত্যা ও ফ্যাসিবাদী শাসন চালানোর দায়ে দলটিকে বিচারের মুখোমুখি করতে হবে।" তিনি আরও বলেন, "আওয়ামী লীগকে সাময়িকভাবে নিষিদ্ধ করা হয়েছে, কিন্তু স্থায়ী সমাধান হলো বিচার। কারণ জনগণের ওপর হত্যাযজ্ঞের নির্দেশ দিয়েছেন দলীয় প্রধান নিজেই। তাই এটি দলগত অপরাধড়এবং দল হিসেবেই বিচারের আওতায় আনা প্রয়োজন।" এদিকে ৯ অক্টোবর ট্রাইব্যুনালে সাক্ষ্য দিতে গিয়ে যুব ও ক্রীড়া উপদেষ্টা আসিফ মাহমুদ সজীব ভূঁইয়া সাংবাদিকদের বলেন, "জুলাইয়ের গণঅভ্যুত্থানে আওয়ামী লীগ যে হত্যাযজ্ঞ চালিয়েছে, তা দলীয় অপরাধ। জনগণের রক্তের ঋণ ভুলে কেউ যেন দলটিকে পুনর্বাসনের ষড়যন্ত্র না করে। দেড় হাজারেরও বেশি প্রাণহানি ও ত্রিশ হাজার আহতের পর এ জাতি দায়ীদের বিচার না দেখে চুপ থাকবে না।" এনসিপির পক্ষ থেকে জানানো হয়েছে, সব প্রমাণপত্র ও সাক্ষ্য সংগ্রহের পর তারা আগামী সপ্তাহেই ট্রাইব্যুনালে আনুষ্ঠানিক অভিযোগপত্র জমা দেবে।

## জেলা পর্যায়ে গ্রীষ্মকালীন ক্রীড়া

(প্রথম পৃষ্টার পর)

সুরে পতাকা উত্তোলন এবং বেলুন উড়িয়ে প্রতিযোগিতার আনুষ্ঠানিক শুভ সূচনা হয়। জেলা প্রশাসক প্যারেড পরিদর্শন ও খেলোয়াড়দের সঙ্গে পরিচিত হন। এ সময় অতিরিক্ত জেলা প্রশাসক পার্থ প্রতিম শীল, সদর উপজেলা নির্বাহী অফিসার মোঃ খায়রুল ইসলাম, সহকারী কমিশনার হাবিবুর রহমান, জেলা ক্রীড়া অফিসার আরিফ আহমেদ জেলা শিক্ষা অফিসের গবেষণা কর্মকর্তা আখতার হোসেন, জেলা ক্রীড়া অফিসার আরিফ আহমেদ, উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার মনিরুল ইসলাম, একাডেমিক সুপারভাইজার মনিরুজ্জামান, আনোয়ার হোসেন, প্রধান শিক্ষক ইসরাইল হোসেন, জাব্বারুল ইসলাম প্রমুখ উপস্থিত ছিলেন। একই দিন কাবাডি বালিকা বিভাগের ফাইনাল অনুষ্ঠিত হয়। সদর উপজেলার আমঝুপি মাধ্যমিক বিদ্যালয় দল ২৯-২২ পয়েন্টে গাংনী উপজেলার জোড়পুকুরিয়া মাধ্যমিক বিদ্যালয়কে পরাজিত করে জেলা চ্যাম্পিয়ন হয়। আমঝুপি দল তিনটি লোনা অর্জন করে।

## ভারতকে ট্রফি না দিয়ে পদ হারাতে পারেন নাকভি

সূর্যোদয় প্রতিবেদন

এশিয়া কাপের পর্দা নামেছে আগেই, কিন্তু বিতর্ক যেন শেষ হওয়ার নাম নিচ্ছে না। টুর্নামেন্টের ফাইনালে পাকিস্তানকে হারিয়ে শিরোপা জিতেছে ভারত। তবে এখনও ভারতীয় দল শিরোপিটি হাতে পাননি। ফাইনাল ম্যাচের পর পাকিস্তান ক্রিকেট বোর্ড (পিসিবি) ও এশিয়ান ক্রিকেট কাউন্সিলের (এসিসি) চেয়ারম্যান নাকভির হাত থেকে ট্রফি নিতে ভারত অস্বীকৃতি জানায়। পরে নাকভিও ট্রফি নিজেই নিয়ে চলে যান। ভারতীয় সংবাদ সংস্থা পিটিআইয়ের প্রতিবেদনে বলা হয়েছে, বিসিসিআই মনে করছে, আন্তর্জাতিক ক্রিকেট সংস্থা (আইসিসি) নাকভিকে এই আচরণের জন্য সতর্ক করতে পারে। এমনকি আইসিসির পরিচালক পদও হারাতে পারেন পিসিবি প্রধান। পিটিআইকে এক সূত্র জানিয়েছে, "পিসিবি বা নাকভির ক্ষেত্রে কী ঘটে, সেটিই এখন দেখার বিষয়। বিসিসিআইয়ের কাছে স্পষ্ট যে ভারতীয় দলকে জোর করে ট্রফি নিতে বাধ্য করা এবং টুর্নামেন্টের অফিশিয়াল আয়োজক বিসিসিআইতে ট্রফি পাঠানো প্রত্যাখ্যান করার অধিকার তার ছিল না।" সম্প্রতি এসিসি সভাতেও এই বিষয়টি আলোচিত হয়েছে। সেখানে বিসিসিআই অবিলম্বে ট্রফি হস্তান্তরের দাবি তোলে। কিন্তু নাকভি স্পষ্ট জানিয়েছেন, ভারতকে ট্রফি নিতে হলে অবশ্যই তাদের অধিনায়ককে এসিসির কার্যালয়ে পাঠাতে হবে। এ ঘটনায় ভারতের চাপের মুখে মাথা না নাতায় নাকভিকে পাকিস্তানের একটি সংস্থা শহীদ জুলফিকার আলী ভুট্টো এক্সেলেন্স গোল্ড মেডেল প্রদান করেছে। নাকভির ঘনিষ্ঠ এক সূত্র জানিয়েছে, এশিয়া কাপের ট্রফি এখনও দুবাইয়ের এসিসি অফিসে রয়েছে। নাকভির নির্দেশনা অনুযায়ী, তার অনুমতি এবং উপস্থিতি ছাড়া কাউকে ট্রফি দেওয়া যাবে না। তিনি নিজে উপস্থিত থেকে ভারতীয় দল বা বিসিসিআইকে ট্রফি হস্তান্তর করবেন। বিসিসিআই সচিব দেবজিৎ সাইকিয়া বলেন, "এশিয়া কাপের ট্রফি নাকভির ব্যক্তিগত সম্পদ নয়। এটি যত দ্রুত সম্ভব ভারতের কাছে ফিরিয়ে দিতে হবে।" এখন প্রশ্ন হল, নাকভির আইসিসি পদ কতটা নিরাপদ থাকবে, সেটিই সময়ই দেখাবে।

## ভারত সফরে যুক্তরাষ্ট-পাকিস্তানকে কড়া বার্তা তালেবান পররাষ্ট্রমন্ত্রীর

সূর্যোদয় প্রতিবেদন

আফগানিস্তানের তালেবান সরকারের পররাষ্ট্রমন্ত্রী আমির খান মুত্তাকি এক সপ্তাহের সরকারি সফরে ভারতে পৌঁছেছেন। বৃহস্পতিবার শুরু হওয়া এই সফরটি ২০২১ সালে পশ্চিমা সমর্থিত আশরাফ গনি সরকার পতনের পর তালেবান সরকারের পক্ষ থেকে ভারতের প্রতি এটি সবচেয়ে উচ্চপর্যায়ের প্রতিনিধিত্ব। আট দিনের সফরে মুত্তাকি কূটনৈতিক, বাণিজ্যিক ও অর্থনৈতিক সম্পর্ক জোরদারসহ বিভিন্ন আঞ্চলিক বিষয়ে আলোচনা করবেন। সফরের দ্বিতীয় দিনেই ভারতের পররাষ্ট্রমন্ত্রী ড. এস. জয়শঙ্করএর সঙ্গে দ্বিপাক্ষিক বৈঠক করেন আমির খান মুত্তাকি। বৈঠকে জয়শঙ্কর কাবুলে ভারতের টেকনিক্যাল মিশনকে পূর্ণাঙ্গ দূতাবাসের মর্যাদা দেওয়ার ঘোষণা দেন। বৈঠক শেষে দিল্লিতে আফগান দূতাবাসে এক সংবাদ সম্মেলনে অংশ নিয়ে আমির খান মুত্তাকি পাকিস্তান ও যুক্তরাষ্ট্রকে লক্ষ্য করে একাধিক মন্তব্য করেন। সাম্প্রতিক সময়ে আফগানিস্তান ও পাকিস্তানের সম্পর্কের অবনতি ঘটেছে। এ প্রেক্ষাপটে ভারত সফরে এসেই ইসলামাবাদের উদ্দেশে কড়া বার্তা দেন তালেবান পররাষ্ট্রমন্ত্রী। তিনি বলেন, "সীমান্তের কাছে প্রত্যন্ত অঞ্চলে পাকিস্তানের হামলা ভুল সিদ্ধান্ত। ৪০ বছর পর আফগানিস্তানে শান্তি ও অগ্রগতি ফিরেছে। আফগানদের সাহস পরীক্ষা করার চিন্তা কেউ করবেন না। যারা এমন ভাবছেন, তারা সোভিয়েত ইউনিয়ন, যুক্তরাষ্ট্র ও ন্যাটোর কাছে জেনে নিতে পারেন আফগানিস্তানের সঙ্গে খেলা করলে কী ঘটে।" সম্প্রতি সাবেক মার্কিন প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প বাগরাম বিমানঘাঁটি পুনরায় মার্কিন নিয়ন্ত্রণে নেওয়ার আহ্বান জানান। এ বিষয়ে স্পষ্ট অবস্থান জানিয়ে মুত্তাকি বলেন, "আফগানিস্তান কখনোই কোনো বিদেশি সামরিক বাহিনীকে মেনে নেয়নি, ভবিষ্যতেও নেবে না। এটি একটি সার্বভৌম রাষ্ট্র এবং তাই থাকবে। যদি সম্পর্ক রাখতে চান, তাহলে কূটনৈতিক পথে যোগাযোগ করুন, কিন্তু সামরিক পোশাক পরা কাউকে আমরা গ্রহণ করব না।" বিশ্লেষকদের মতে, তালেবান সরকারের সঙ্গে ভারতের এই ঘনিষ্ঠতা আঞ্চলিক ভূরাজনীতিতে নতুন বাস্তবতা তৈরি করছে। পাকিস্তানের সঙ্গে সম্পর্কের টানাপোড়েনের মধ্যেই কাবুলদিল্লি সংলাপ দক্ষিণ এশিয়ার কৌশলগত সমীকরণে নতুন মাত্রা যোগ করেছে।

## আফগান সীমান্তে ভয়াবহ সন্ত্রাসী হামলা, পাকিস্তানে ৭ পুলিশ নিহত

সূর্যোদয় প্রতিবেদন

আফগান সীমান্তবর্তী পাকিস্তানের খাইবার পাখতুনখোয়া প্রদেশে আবারও ভয়াবহ সন্ত্রাসী হামলার ঘটনা ঘটেছে। শুক্রবার (১০ অক্টোবর) রাতে ডেরা ইসমাইল খান জেলার একটি পুলিশ প্রশিক্ষণ কেন্দ্রে চালানো এই হামলায় অন্তত ৭ জন পুলিশ সদস্য নিহত এবং ১৩ জন আহত হয়েছেন। প্রায় পাঁচ ঘণ্টা ধরে চলা তীব্র বন্দুকযুদ্ধের পর ৫ জন সন্ত্রাসী নিহত হয়েছে বলে শনিবার (১১ অক্টোবর) এক বিবৃতিতে জানিয়েছে পাকিস্তান কাউন্টার-টেররিজম ডিপার্টমেন্ট (সিটিডি)। সিটিডির বিবৃতিতে বলা হয়েছে, রাত সাড়ে ৮টার দিকে ডেরা ইসমাইল খানের শরকট থানা এলাকার রত্তা কালাচি অঞ্চলে অবস্থিত পুলিশ প্রশিক্ষণ কেন্দ্রে প্রথমে বিস্ফোরকবোঝাই একটি ট্রাক কেন্দ্রটির মূল ফটকে আঘাত হানে।